ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্ট

শিক্ষার্থীদের আচরণবিধি

Francis Howell School District

HOME SCHOOL COMMUNITY

LEARNING TOGETHER



সূচিপত্র

ভূমিকা..3

শ্রেণীকক্ষের শৃঙ্খলার নির্দেশিকা 4

আচরণগত লঙ্ঘন ও তার মাত্রাগুলির ভূমিকা 5

আচরণগত লঙ্ঘনসমূহ 6-10

স্তরগুলির সংজ্ঞা 11

শিক্ষার্থীদের মদের/মাদকের অপব্যবহার বিধি 12-13

স্কুলের আগ্নেয়াস্ত্র-মুক্ত থাকার বিধি..14

শৃঙ্খলার সংজ্ঞাগুলি 15-17

বাসে শৃঙ্খলার নির্দেশিকা...18

শারীরিক শাস্তি: নিষিদ্ধ...19

নেটওয়ার্ক ও ইন্টারনেটে গ্রহণযোগ্য ব্যবহারের নির্দেশিকা...............................20

পরিভাষাকোষ 21-22

ভূমিকা

শিক্ষার জন্য স্কুলের ইতিবাচক, সম্মানজনক পরিবেশ গুরুত্বপূর্ণ

সকলেই তাদের স্কুল স্বাগত জানানো, বন্ধুত্বপূর্ণ ও সম্মানজনক স্থান হওয়ার আকাঙ্ক্ষা করে। একত্রে কাজ করে শিক্ষার্থীরা, পিতামাতাগণ/অভিভাবকগণ, কর্মীবৃন্দ ও কমিউনিটি তাদের স্কুলকে শিক্ষার একটি অসামান্য স্থান করে তুলতে পারে। প্রিন্সিপাল এক ইতিবাচক শিক্ষার পরিবেশ বজায় রাখার জন্য দায়ী থাকবেন। শিক্ষার্থীরা এগুলি মনে রেখে সাহায্য করতে পারে:

- নিরাপদ, দায়িত্বশীল ও শান্ত থাকো
- সহপাঠী ও প্রাপ্তবয়স্কদের প্রতি শ্রদ্ধাশীল হও
- স্কুলের যাবতীয় সম্পত্তির প্রতি শ্রদ্ধাশীল হও
- স্কুলে ও ক্লাসে সময়মতো পৌঁছোও
- বরাদ্দ করা কাজ ও সরবরাহ সহ ক্লাসের জন্য প্রস্তুত থাকো
- তাদের শিক্ষায় অংশগ্রহণ করো
- অমায়িক হও এবং উপযুক্ত ভাষা প্রয়োগ করো
- উপযুক্ত পোশাক পরো
- স্কুলের নিয়মাবলী ও তার শিক্ষকদের মেনে চলো
- অন্যদের মধ্যে ভিন্নমতের প্রতি সম্মান দেখাও ও সেগুলি স্বীকার করো
- তারা কেমন বোধ করছে বা তাদের কী প্রয়োজন তা সহায়ক ও উপযুক্ত উপায়ে প্রকাশ করো
- গ্রহণযোগ্য উপায়ে মতভেদের নিষ্পত্তি করো

স্কুলব্যাপী ইতিবাচক আচরণের সহায়তাসমূহ (SWPBIS)

ন'টি (9) FHSD স্কুল স্কুল-ব্যাপী PBIS-কে কাঙ্ক্ষিত আচরণসমূহ শেখানোর এবং অতিরিক্ত শক্তি প্রদানের চাহিদাযুক্ত শিক্ষার্থীদের সমর্থন দেওয়ার এক অভিমুখ হিসেবে গ্রহণ করেছে। যাবতীয় স্কুল স্টেট-স্তরে স্বীকৃতি পেয়েছে।

চরিত্র শিক্ষা

অনেক FHSD স্কুলের সুপ্রতিষ্ঠিত চরিত্র শিক্ষা কার্যক্রমও রয়েছে যা মেধাগত, সামাজিক ও নীতিগত বিকাশের মাধ্যমে তরুণদের মধ্যে ইতিবাচক চরিত্র তৈরির দ্বারা "শিক্ষার্থীদের যত্নশীল কমিউনিটি" তৈরি করতে কাজ করে। ডিসট্রিক্টের তিনটি (3) স্কুল রয়েছে যারা মিসৌরি স্কুল অব ক্যারেক্টার(Missouri School of Character) আখ্যা পেয়েছে এবং দুটি (2) স্কুল রয়েছে যারা ন্যাশনাল স্কুল অব ক্যারেক্টার(National School of Character) স্বীকৃতি পেয়েছে।

লিডার ইন মি

বিভিন্ন FHSD স্কুল কোভে'র লিডার ইন মি-কে শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্ব বিকশিত করার উপায় হিসেবে বেছে নিয়েছে। 7 হ্যাবিটস অব হাইলি এফেক্টিভ পীপল(7 Habits of Highly Effective People) এর ভিত্তিতে তৈরি লিডার ইন মি শিক্ষার্থীদেরকে তাদের 21শ শতাব্দীর অর্থনীতিতে উন্নতিলাভ করার জন্য প্রয়োজনীয় আত্মবিশ্বাস ও দক্ষতায় সজ্জিত করে। লিডার ইন মি স্কুলগুলি সামঞ্জস্যপূর্ণভাবে উন্নত স্কুল সংস্কৃতি এবং শাস্তিযোগ্য সমস্যার সার্বিক কমার রিপোর্ট করে।

ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্টের শিক্ষার্থীদের আচরণবিধি শিক্ষার্থীদের সেই আচরণের বর্ণনা দেয় যা অবাঞ্ছিত বা বিঘ্নকারী বলে বিবেচনা করা হয়। এটি একটি পরিসরের প্রণালীও প্রদান করে যা সেই আচরণ ও শাস্তিমূলক প্রতিক্রিয়া প্রতিরোধ করতে ব্যবহৃত হতে পারে যা শিক্ষার্থীরা বিবৃত আচরণে জড়িত হলে প্রয়োগ করা যেতে পারে। ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্ট সেই হস্তক্ষেপ প্রণালীসমূহ প্রয়োগেও সহায়তা করে যা শিক্ষার্থীদেরকে স্কুলে সফল হওয়ার জন্য পথনির্দেশ, নির্দেশনা ও সমর্থন প্রদান করে।

শ্রেণীকক্ষে শৃঙ্খলার নির্দেশিকা

শিক্ষার্থীদের সঙ্গে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলা শ্রেণীকক্ষের কার্যকর ব্যবস্থাপনার ভিত্তি-স্বরূপ। শিক্ষকদের শ্রেণীকক্ষে এমন পরিবেশ বজায় রাখার দায়িত্ব রয়েছে যা শিক্ষার পক্ষে সহায়ক। কমিউনিটি গড়ে তোলার বৃত্তগুলিকে ডিসট্রিক্টের দ্বারা এমন এক যত্নশীল কমিউনিটি গড়ে তোলায় উৎসাহ দেওয়া হয় যা নিজের পরিচর্যা ও পর্যবেক্ষণ করে। শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে দৃঢ়, ইতিবাচক সম্পর্ক থাকা শ্রেণীকক্ষগুলি নিয়োজক শিক্ষার পরিবেশকে উন্নীত করে। আমরা মনে করি যে শিক্ষা সেই শিক্ষা কমিউনিটির মধ্যে সবচেয়ে ভালোভাবে হতে পারে যেখানে শিক্ষার্থীরা পরস্পরের সঙ্গে সহযোগিতা করে এবং সমাজের ও কর্মশক্তির জন্য তাদের প্রস্তুত করার দক্ষতা বিকশিত করতে পারে। শ্রেণীকক্ষে বিঘ্ন ঘটানো বা সেই বিঘ্নগুলির সমন্বয় গ্রহণযোগ্য নয়, যার মধ্যে পড়ে অতিরিক্ত কথা বলা, আসন ছেড়ে উঠে যাওয়া, জিনিসপত্র ছোঁড়াছুড়ি করা, অন্যদের বিরক্ত করা, বৈদ্যুতিন যন্ত্রপাতির অবাঞ্ছিত ব্যবহার, নোট আদানপ্রদান এবং/অথবা শিক্ষার প্রক্রিয়ায় হস্তক্ষেপ করার মতো অন্যান্য কাজ, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। শিক্ষার্থীদের আচরণবিধি সেই শিক্ষার্থীদের জন্যেও প্রযোজ্য যারা ডিসট্রিক্টের ভার্চুয়াল পরিবেশে শিক্ষালাভ করছে। আচরণের লঙ্ঘনগুলি এমনভাবে সংকলিত হবে যা সেই শিক্ষার্থী সশরীরে স্কুলে উপস্থিত থাকলে যা হয় তার অনুরূপ।

শাস্তিমূলক ব্যবস্থার ধাপগুলি

প্রাথমিক সমস্যা	শিক্ষক শিক্ষার্থীর সঙ্গে পরামর্শ করেন
চলমান সমস্যা	শিক্ষক শিক্ষার্থীকে সতর্ক করেন শিক্ষক পিতার/মাতার/অভিভাবকের(দের) সঙ্গে যোগাযোগ করতে পারেন
সতর্ক করার পরেও সমস্যার নিষ্পত্তি না হলে	শিক্ষক আটক রাখা বরাদ্দ করা বেছে নিতে অথবা শিক্ষার্থীর এবং/অথবা পিতার/মাতার/অভিভাবকের(দের) সঙ্গে একটি সহযোগিতামূলক সমস্যা সমাধানের বৈঠকের আয়োজন করতে পারেন।
আটক রাখার বা বৈঠকের পরেও সমস্যার নিষ্পত্তি না হলে	শিক্ষক শিক্ষার্থীকে প্রিন্সিপালের দপ্তরে পাঠান

বিলম্বের নীতি

শিক্ষার্থী ঘন্টা বাজার পরে ক্লাসে এলে শিক্ষকের/প্রিন্সিপালের দ্বারা আটক রাখা বরাদ্দ করা হয়। একটি আটক রাখা গঠনকারী বিলম্বের সংখ্যা ভবন স্তরে নির্ধারিত হবে। অনেকগুলি বিলম্ব জমা হওয়ার পর শিক্ষার্থীরা পরবর্তী শাস্তির জন্য একটি রেফারালও পেতে পারে।

আচরণ লঙ্ঘন ও তার মাত্রাগুলির ভূমিকা

নিরাপত্তা, কৃতিত্ব ও ব্যক্তিগত সাফল্যের উপর প্রযুক্ত এক ইতিবাচক পরিবেশ রচনায় অবদান রাখার জন্য ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্টের নীতিমালার নকশা করা হয়েছে। কোভিড-19 অতিমারী চলাকালীন শিক্ষার্থীদের ও কর্মীদের নিরাপদ রাখা ডিসট্রিক্টের এই স্কুলবর্ষের অন্যতম সর্বোচ্চ অগ্রাধিকার। শিক্ষার্থীদের কাছে ডিসট্রিক্টের রূপরেখা দেওয়া যাবতীয় নিরাপত্তা প্রোটোকল (সামাজিক দূরত্ব, মাস্ক পরা, সঠিকভাবে বাসে চড়া, ইত্যাদি) মেনে চলার প্রত্যাশা করা হয়। কর্মীরা সামাজিক দূরত্ব ও মাস্ক পরার প্রত্যাশা সংক্রান্ত অনুস্মারকগুলি প্রদান করবেন। অনুস্মারক ও অনুরোধগুলি প্রতিপালন ক্রমাগত প্রত্যাখ্যানের ফলে স্কুল থেকে শাস্তি দেওয়া হতে পারে, যা শিক্ষার্থীটিকে ডিসট্রিক্টের ভার্চুয়াল কার্যক্রমে নথিভুক্ত করা পর্যন্ত ও তার অন্তর্ভুক্ত হতে পারে।

সুতরাং, আসন্ন পৃষ্ঠাগুলিতে দেওয়া চার্টগুলি ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্টের ও শাস্তির অনুরূপ মাত্রার দ্বারা সংজ্ঞায়িত লঙ্ঘনের আচরণগুলি প্রদর্শিত করবে।

পরিণামের মাত্রা প্রাথমিক ও মাধ্যমিক স্তরের মধ্যে পরিবর্তিত হতে পারে। এটা মনে রাখা জরুরি যে শাস্তি দেওয়ার একমাত্র উদ্দেশ্য হল কাঙ্ক্ষিত, উপযুক্ত আচরণ শেখানো এবং ভবিষ্যতের অবাঞ্ছিত আচরণ প্রতিরোধ করা।

আসন্ন পৃষ্ঠাগুলিতে তালিকাভুক্ত আচরণগত লঙ্ঘনগুলি সকল শিক্ষার্থীর সঙ্গে বয়সোপযোগী উপায়ে পর্যালোচনা করা হবে। পিতামাতাদের তাদের সন্তানদের সঙ্গে লঙ্ঘনগুলির পর্যালোচনা করতে উৎসাহ দেওয়া হচ্ছে।

স্কুল প্রাঙ্গণের বাইরে যেগুলি হয় সেগুলি সহ স্কুলের ভ্রমণ বা অন্য কোনও কার্যকলাপ যথাযথভাবে বরাদ্দ করা স্কুল কর্মীর কর্তৃত্বের অধীনে করা হয়। প্রাথমিক বা মাধ্যমিক (মিডল ও হাই স্কুল) যে শিক্ষার্থীরাই জড়িত থাকুক, ডিসট্রিক্টের যাবতীয় নীতি ও বিধি এইসব কার্যকলাপের সময় কার্যকর থাকবে। FHSD সম্পত্তির বাইরে ঘটা ফিল্ড ট্রিপ ও কার্যকলাপগুলি চলাকালীন শিক্ষার্থীদের আচরণবিধির যে লঙ্ঘনগুলি ঘটবে তার জন্য শিক্ষার্থীদেরই জবাবদিহি করতে হবে।

স্কুলের সঙ্গে কোনও যোগসূত্র (সংস্রব) থাকলে অথবা ঘটনাটি স্কুলের পরিবেশের কোনোরূপ বিঘ্ন ঘটালে FHSD ক্যাম্পাসের বাইরে ঘটা ঘটনার জন্য স্কুলের শাস্তি বরাদ্দ করতে পারে ও করবে।

শিক্ষার্থীদের আচরণবিধিতে শাস্তিমূলক ব্যবস্থা প্রয়োগ করা হতে পারে এমন প্রতিটি ও সবকটি লঙ্ঘন তালিকাভুক্ত করা বা তার বর্ণনা করা প্রত্যাশিত নয়। তৎসত্ত্বেও, ডিসট্রিক্টের আচরণের সমস্যার প্রকৃতি, তীব্রতা ও পুনরাবৃত্তির হারের উপর নির্ভর করে পরিস্থিতি অনুযায়ী উপযোগী যে কোনও পরিণাম আরোপ করার অধিকার সুনির্দিষ্টভাবে সংরক্ষিত।

আচরণগত লঙ্ঘনসমূহ

অবাঞ্ছিত বা বিঘ্নকারী আচরণ	মাত্রা 1	মাত্রা 2	মাত্রা 3	মাত্রা 4
যাবতীয় ক্ষতিকর আচরণ				
স্কুলের সুশৃঙ্খল অবস্থার প্রতি উদ্ভূত কোনও লঙ্ঘন। এই শ্রেণীটি সেই লঙ্ঘনগুলির জন্য ব্যবহার করা হতে পারে যা বর্ণিত লঙ্ঘনগুলির কোনোটির মধ্যে পড়ে না।	●	●	●	●
আগুন লাগানো				
অন্য কারোর সম্পত্তিতে ইচ্ছাকৃতভাবে বা বেপরোয়াভাবে আগুন লাগানো। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।**			● প্রাথমিক	●
আক্রমণাত্মক আচরণ				
প্রিন্সিপালের/ মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।		●	●	
অপর কোনও শিক্ষার্থীকে বা কর্মী সদস্যকে শারীরিক আক্রমণ				
শারীরিক ক্ষতি করার উদ্দেশ্য নিয়ে শারীরিক বলপ্রয়োগের মাধ্যমে। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।**		● প্রাথমিক	●	
বোমার আতঙ্ক/হুমকি				
বিস্ফোরক ফাটানোর হুমকি দেওয়া, যার মধ্যে পড়ে লিখিতভাবে বা ফোন করে দেওয়া কোনও হুমকি; সংজ্ঞানুসারে একটি সন্ত্রাসবাদী হুমকি (পরিভাষাকোষ দেখুন)। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।**				●
উৎপীড়ন				
উৎপীড়ন হল কোনও ব্যক্তি বা গোষ্ঠীর দ্বারা সম্পাদিত ইচ্ছাকৃত কাজ যা করা হয় ভীতিপ্রদর্শন, অবাঞ্ছিত আক্রমণাত্মক আচরণ বা হয়রানি আরোপ করার জন্য যার পুনরাবৃত্তি করা হয় বা যার পুনরাবৃত্তির যথেষ্ট সম্ভাবনা থাকে এবং যা একজন কোনও যুক্তিবোধসম্পন্ন শিক্ষার্থীর তাদের শারীরিক বা সম্পত্তির নিরাপত্তা সম্পর্কে ভয়ের কারণ হয়; ব্যক্তিক্রম ছাড়াই কোনও শিক্ষার্থীর শিক্ষাগত কর্মসম্পাদনে, সুযোগে বা সুবিধায় যথেষ্ট পরিমাণে হস্তক্ষেপ করে; অথবা স্কুলের সুশৃঙ্খল পরিচালনায় যথেষ্ট পরিমাণ বিঘ্ন ঘটায়। অঙ্গভঙ্গি বা মৌখিক সাইবার-উৎপীড়ন, বৈদ্যুতিন বা লিখিত চিঠিপত্র এবং উৎপীড়নের কাজকর্ম রিপোর্ট করার বিরুদ্ধে কোনও প্রতিশোধের হুমকি সহ শারীরিক ক্রিয়াকলাপ নিয়ে উৎপীড়ন গঠিত হতে পারে। প্রিন্সিপালের/ মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 2, 3 বা 4 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।	●	●	●	●
প্রতারণা/রচনা চুরি				
পরীক্ষায়/বরাদ্দ কাজে শূন্য নম্বর দিয়ে শাস্তির ব্যবস্থা রয়েছে এবং শিক্ষক পিতামাতা(দের)-কে/ অভিভাবক(দের)-কে ও সমস্যা প্রশাসককে সমস্যা সম্পর্কে অবহিত করেন; এর মধ্যে পড়ে বৈদ্যুতিন প্রতারণা। একাধিক ঘটনার ফলে মাত্রা 2 এর লঙ্ঘন হতে পারে।	●			
শিক্ষার্থীর বা প্রাপ্তবয়স্কের প্রতি অসম্মান				
এর মধ্যে রয়েছে শব্দ, গলার আওয়াজ, মুখের অভিব্যক্তি, লিখিত অভিব্যক্তি বা অঙ্গভঙ্গি, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়।	●			
বিঘ্নকারী আচরণ				
এমন আচরণ যা শিক্ষায় বিঘ্নকারী অথবা শিক্ষার্থীদের নিরাপদে পরিবহণের উপর ইচ্ছাকৃত প্রভাব ফেলে, যার মধ্যে পড়ে অত্যধিক কথা বলা, আসন ছেড়ে যাওয়া, জিনিসপত্রগুলি ছোঁড়াছুড়ি করা, অন্যদের উত্যক্ত করা নোট চালাচালি করা এবং/অথবা শিক্ষার প্রক্রিয়ায় হস্তক্ষেপ করা অন্যান্য কাজকর্ম (যেমন, শিক্ষার্থীদের দুষ্টুমি), কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। শিক্ষার্থীদের দুষ্টুমি এই লঙ্ঘনের অধীনে বিবেচিত হতে পারে। প্রিন্সিপালের/ মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 2, 3 বা 4 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।	●	●	●	●
অবমাননাকর ভাষণ বা আচরণ				
যার মধ্যে পড়ে কোনও ব্যক্তির জাতি, বর্ণ, লিঙ্গ, মূল জাতীয়তা, বয়স, জনগোষ্ঠী, প্রতিবন্ধকতা, ধর্ম, যৌন পছন্দ বা অনুভব করা যৌন পছন্দের কারণে অন্য ব্যক্তিদের হেয় করতে ঘৃণাপূর্ণ ভাষার প্রয়োগ (যার ফলে শিরোনাম IX বা শিরোনাম VI এর রেফারালও হতে পারে), কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। এর মধ্যে পড়ে আচরণগত, মৌখিক, লিখিত বা প্রতীকী ভাষণ। প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।		●	●	

আচরণগত লঙ্ঘনসমূহ

অবাঞ্ছিত বা বিঘ্নকারী আচরণ	মাত্রা 1	মাত্রা 2	মাত্রা 3	মাত্রা 4
পোশাক বিধি লঙ্ঘন				
স্কুলের পোশাক বিধি লঙ্ঘনকারী পোশাকের ধরন, যা স্কুলের কার্যকলাপের অনুপযোগী এবং/অথবা শিক্ষা প্রক্রিয়া বিঘ্নকারী, যার মধ্যে পড়ে ঝুলে পড়া/ খোলামেলা পোশাক, অন্তর্বাস দৃশ্যমান থাকা, স্পাইক এবং/অথবা হার পরা অথবা পোশাকে/মাস্কে অনুপযোগী প্রিন্ট থাকা (যেমন যৌন অভিব্যক্তি, মাদক, নেশার পানীয়, আগ্নেয়াস্ত্র, বেআইনি কার্যকলাপ, ইত্যাদি), কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। প্রিন্সিপাল শিক্ষার্থীদের তাদের পিতামাতাদের পরিবর্তনের উপযোগী পোশাক নিয়ে আসতে বলার জন্য বলতে পারেন। কোনও শিক্ষার্থীকে পোশাক বিধি পূরণ করে এমন পোশাক পরে নিতে বলার পরেও সেই শিক্ষার্থীকে আবারও পোশাক বিধি লঙ্ঘন করতে দেখা গেলে অতিরিক্ত শাস্তি আরোপ করা যেতে পারে।	●			
গাড়ি চালানোর/পার্কিংয়ের লঙ্ঘন				
কোনও অননুমোদিত স্থানে পার্কিং, অনুমতি ছাড়া পার্কিংয়ের অথবা শিক্ষার্থী ড্রাইভারদের জন্য প্রতিষ্ঠিত নির্দেশিকা প্রতিপালনে ব্যর্থতা। পার্কিং লটে বেপরোয়াভাবে গাড়ি চালানো। প্রতিপালনে ব্যর্থতার ফলে পার্কিংয়ের বিশেষ সুবিধা হারানো অথবা অন্য কোনও শাস্তিযোগ্য পরিণাম হতে পারে।	●			
বৈদ্যুতিন যন্ত্রের অপব্যবহার				
স্কুলের অননুমোদিত ঘণ্টায় ফোনের বা কোনও শিক্ষা-বহির্ভূত বৈদ্যুতিন যন্ত্রের ক্রিয়াকলাপ বা প্রদর্শন, যার মধ্যে রয়েছে হেডফোন, আইপড, ডিভিডি, ই-রীডার, ইত্যাদি, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। ডিসট্রিক্ট যন্ত্রের ক্ষতির, হারানোর বা চুরির জন্য দায়ী থাকবে না। এর মধ্যে পড়ে স্কুলের কর্মীদের, শিক্ষার্থীদের বা স্কুলের নথিপত্রের অবাঞ্ছিত, অননুমোদিত ব্যবহার, ছবি তোলা, প্রেরণ বা নকল করা। এটা নোট করতে হবে যে বাথরুমে বা লকার রুমে ছবি তোলার অনুমতি নেই এবং তা মাত্রা 2 বা 3 এর লঙ্ঘন বলে বিবেচিত হবে। বাজেয়াপ্ত করা যন্ত্রগুলিকে অনুপযোগী মেসেজ এবং/অথবা ছবির জন্য অনুসন্ধান করা হতে পারে। **অবাঞ্ছিত বিষয়বস্তুর উৎস নির্বিশেষে ফোনের বিষয়বস্তুর কারণে শিক্ষার্থীদের জবাবদিহি করতে হতে পারে।** কিছু কিছু ক্ষেত্রে, শিক্ষকের বিবেচনা অনুসারে শিক্ষামূলক উদ্দেশ্যে অথবা কোনও প্রশাসকের দ্বারা প্রণোদনা হিসেবে অনুমোদিত হলে এই জিনিসগুলির ব্যবহারের অনুমতি দেওয়া যেতে পারে।	●			
মিথ্যা অভিযোগ				
ইচ্ছাকৃতভাবে শিক্ষার্থীদের বা কর্মীদের বিরুদ্ধে করা। ভবন প্রশাসকের দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।		●	●	
মিথ্যা অ্যালার্ম বাজানো/অগ্নি-নির্বাপকের অপব্যবহার				
আপৎকালীন সরঞ্জামে অবৈধ হস্তক্ষেপ অথবা মিথ্যা অ্যালার্ম বাজানো বা মিথ্যা রিপোর্ট দায়ের করা (যেমন 911 নম্বর ডায়াল করা)। প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 বলে বিবেচনা করা যেতে পারে।		●	●	
মারপিট করা				
পারস্পরিক সংস্পর্শ সহ একে অপরকে শারীরিক আঘাত করা (আক্রমণের থেকে পৃথক) অথবা মারপিটের প্ররোচনা দেওয়া বা কারণ হওয়া শব্দ বা কাজকর্ম প্রয়োগ করা। **এই লঙ্ঘনের মধ্যে এই মারপিট রেকর্ড করা এবং যেকোনো পদ্ধতিতে শেয়ার করা অথবা সোশ্যাল মিডিয়াতে পোস্ট করাও পড়ে।** প্রিন্সিপালের/ মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।		●	●	
বাজি জ্বালানো				
বাজি সঙ্গে রাখা বা ব্যবহার করা।		● প্রাথমিক	●	
জালিয়াতি				
পিতার/মাতার/অভিভাবকের স্বাক্ষর (যার মধ্যে পড়ে ফোন মারফৎ পিতা/মাতা সেজে কথা বলা), শিক্ষকের বা আধিকারিকের স্বাক্ষর (হলের পাস, অ্যাডমিট স্লিপ), ইত্যাদি।	●			

আচরণগত লঙ্ঘনসমূহ

অবাঞ্ছিত বা বিঘ্নকারী আচরণ	মাত্রা 1	মাত্রা 2	মাত্রা 3	মাত্রা 4
গ্যাং/গ্যাংয়ের প্রতীক				
গুপ্তসমিতি বা "ক্লাব" এর সদস্যপদ যা স্কুল সুশৃঙ্খলভাবে চলার পক্ষে ক্ষতিকর; গাংয়ের প্রতীক বা চিহ্ন প্রদর্শন এবং/অথবা লেখা।		●		
অবাঞ্ছিত স্নেহ প্রদর্শন				
অবাঞ্ছিত প্রদর্শনের মধ্যে পড়ে সম্মতি সহ চুম্বন, আদর করা, ইত্যাদি।	●			
কুরুচিপূর্ণ প্রদর্শন/পোশাক খুলে ফেলা				
এর মধ্যে পড়ে প্রকাশ্য স্থানে নিতম্ব এবং/অথবা যৌনাঙ্গ প্রদর্শন অথবা অন্য কারোর বা নিজের পোশাক খুলে ফেলে শরীরের গোপন অঙ্গ এবং/অথবা অন্তর্বাস প্রদর্শন। "অন্য কারোর প্যান্ট খুলে দেওয়া" এই লঙ্ঘনের মধ্যে পড়ে। এর কারঁণে বিল্ডিং কমপ্লায়েন্স অফিসারের কাছে পাঠানো হতে পারে। প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।		●	●	
স্কুলের ভিতর স্থগিতকরণের (ISS/ISAP) নির্দেশিকা				
স্কুলের ভিতর স্থগিতকরণের নির্দেশিকা প্রতিপালনে ব্যর্থতা।		●		
অবাধ্যতা (কর্তৃপক্ষের অবাধ্যতা/সরাসরি অবাধ্যতা)				
কর্মীদের নির্দেশ না অনুরোধ মানতে অস্বীকার করা অথবা কর্মীদের কর্তৃত্বের অবাধ্যতা।	●			
লকার রুমের/বাথরুমের লঙ্ঘন				
বাথরুমের জিনিসপত্রের অপব্যবহার (সাবান, জল, কাগজের তোয়ালে, টয়লেট পেপার)। "বিপরীত লিঙ্গের" লকার রুমে বা বাথরুমে প্রবেশ করা (এর মধ্যে পড়ে অন্য কাউকে বিপরীত লিঙ্গের লকার রুমে বা বাথরুমে ঠেলে ঢুকিয়ে দেওয়া) একটি মাত্রা 2 এর লঙ্ঘন।	●	●		
মিথ্যা বলা				
ইচ্ছাকৃতভাবে মিথ্যা বা বেঠিক তথ্য প্রদান করা।	●			
ভবনের মধ্যে দিয়ে অনুপযুক্তভাবে চলাচল করা				
শান্তভাবে ভবনের মধ্যে দিয়ে চলাচলে ব্যর্থতা; লাইন ধরে না হাঁটা; ভবনের ভিতর দৌড়োদৌড়ি করা; সরাসরি পথ ব্যবহারে ব্যর্থতা; অনুমতি ছাড়া বরাদ্দ করা স্থান ছেড়ে যাওয়া।	● প্রাথমিক			
অমনোযোগী আচরণ				
অন্য কোনও ব্যক্তির সম্পত্তির ক্ষতি করা অথবা অন্য কাউকে আঘাত করা বা তার নিরাপত্তা বিঘ্নিত করা (যার মধ্যে পড়ে কোভিড-19 ছড়ানো প্রতিরোধের জন্য প্রয়োজনীয় মাস্ক পরায় ব্যর্থতা, "অভিঘাত" সৃষ্টি করা খেলনার ব্যবহার, পরীক্ষাগারের নিরাপত্তা লঙ্ঘন করা ও অন্যান্য দায়িত্বজ্ঞানহীন আচরণ, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়)। শিক্ষার্থীদের তামাশা করাও এই শ্রেণীতে পড়তে পারে।		●		
দোকানে বিক্রি হওয়া পদার্থগুলি				
প্রেসক্রিপশন বহির্ভূত ওষুধ **রাখা** বা প্রয়োগ করা একটি **মাত্রা 2 এর লঙ্ঘন**, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। শিক্ষার পরিবেশের বিঘ্নকারী আচরণ ঘটানো দোকানে কিনতে পাওয়া ওষুধপত্র **বিতরণ, বিক্রি করা বা কেনা** বা তার প্রভাবগ্রস্ত থাকা (যার মধ্যে পড়ে প্রেসক্রিপশন বহির্ভূত ওষুধপত্র, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়) **মাত্রা 3 এর লঙ্ঘন**।		●	●	
শারীরিক সংস্পর্শ /শারীরিক ক্ষতি				
অবাঞ্ছিত সংস্পর্শ বা আচরণ (যেমন ঝাঁকুনি দেওয়া, খেলার ছলে মারপিট করা বা হৈচৈ করে খেলা)। শারীরিক ক্ষতি হল "খেলার ছলে" মারপিট করা, আঘাত করা, ধাক্কা দেওয়া, চড় মারা, ঘুষি মারা অথবা কোনও শিক্ষার্থী বা কোনও প্রাপ্তবয়স্কের শারীরিক ক্ষতির কারণ হওয়ার সম্ভাবনা রয়েছে এমন তামাশা করার মতো আচরণগুলি। প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 2 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।	●	●		

আচরণগত লঙ্ঘনসমূহ

অবাঞ্ছিত বা বিঘ্নকারী আচরণ	মাত্রা 1	মাত্রা 2	মাত্রা 3	মাত্রা 4
পর্নোগ্রাফি				
পর্নোগ্রাফিক বা অশ্লীল এবং/অথবা সুস্পষ্ট যৌনতাপূর্ণ বলে বিবেচিত হয় এমন উপাদান সঙ্গে রাখা, যার মধ্যে পড়ে কোনও বৈদ্যুতিন যন্ত্রে থাকা কোনও ছবি/লিখিত আদানপ্রদান। **শিক্ষার্থীরা বিষয়বস্তুর উৎস নির্বিশেষে তাদের ফোনে থাকা যাবতীয় বিষয়বস্তুর জন্য দায়ী থাকবে।** বিষয়বস্তুর প্রকৃতির ভিত্তিতে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা হতে পারে।		●	●	
এগুলি সঙ্গে রাখা, ব্যবহার করা বা এগুলির প্রভাবের অধীনে থাকা				
মদ, "অ্যালকোহল-বিহীন" মল্টজাত পানীয়, বেআইনি ওষুধপত্র, প্রেসক্রিপশন বহির্ভূত আইনসম্মত কৃত্রিম পদার্থ যা প্রতিবন্ধকতার কারণ হয়, প্রেসক্রিপশনের ওষুধ বা নিয়ন্ত্রিত পদার্থসমূহ; অথবা মদ, "অ্যালকোহল-বিহীন" মল্টজাত পানীয়, বেআইনি ওষুধপত্র, প্রেসক্রিপশন বহির্ভূত আইনসম্মত কৃত্রিম পদার্থ যা প্রতিবন্ধকতার কারণ হয়, প্রেসক্রিপশনের ওষুধ বা নিয়ন্ত্রিত পদার্থসমূহ হিসেবে উপস্থাপিত পদার্থসমূহ; অথবা বেআইনি বা নিয়ন্ত্রিত পদার্থের (শিক্ষার্থীদের মদ/মাদক অপব্যবহার বিধি দেখুন) ব্যবহারের জন্য ওষুধের সরঞ্জাম উপস্থাপিত ওষুধের সরঞ্জাম (যেমন মাপনী, পাইপ) বা জিনিসপত্র। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।**			●	
চুরি যাওয়া সম্পত্তি রাখা				
$100.00 এর কম মূল্যের চুরি যাওয়া সম্পত্তি রাখা একটি মাত্রা 1 এর লঙ্ঘন এবং তা $100.00 বা তার বেশি হলে মাত্রা 2 এর লঙ্ঘন হয়।	●	●		
রেকর্ড/নথিপত্র/ডিসট্রিক্টের ফাইলপত্র রাখা				
স্কুলের, শিক্ষার্থীর রেকর্ড বা নথিপত্র চুরি এবং/অথবা পরিবর্তন (যার মধ্যে পড়ে গ্রেড বুকস, রিপোর্ট কার্ড, কম্পিউটার, সফ্টওয়্যার বা হার্ড ড্রাইভ, ডিস্ট্রিক্ট নেটওয়ার্কস, কম্পিউটারের রেকর্ড, পাসওয়ার্ড, ইত্যাদি বৈদ্যুতিন উপায়ে হ্যাক করা ও ডাউনলোড করা, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়)।			●	
দাঙ্গাহাঙ্গামা করা				
2 জনের বেশি শিক্ষার্থীর মারপিট করায় অথবা মারপিট উপস্থাপিত করে বা মারপিটের কারণ হয় এমন কিছুতে জড়িত থাকলে।			●	
নিয়মাবলী লঙ্ঘন				
ক্যাফেটেরিয়া, খেলার মাঠ, মধ্যাহ্নভোজের ঘর, হলওয়ের নিয়মাবলী মেনে চলায় ব্যর্থতা, সামাজিক দূরত্বের নিয়মাবলীর এবং স্কুলের কাজের লঙ্ঘন।	●			
বিক্রি, শেয়ার করা বা বিতরণ				
মদ, "অ্যালকোহল-বিহীন" মল্টজাত পানীয়, বেআইনি ওষুধপত্র, প্রেসক্রিপশন বহির্ভূত আইনসম্মত কৃত্রিম পদার্থ যা প্রতিবন্ধকতার কারণ হয়, প্রেসক্রিপশনের ওষুধ বা নিয়ন্ত্রিত পদার্থসমূহ অথবা বিক্রেতার দ্বারা উপরে উল্লেখ করা যে কোনও পদার্থ হিসেবে উপস্থাপিত পদার্থসমূহ(শিক্ষার্থীদের মদ/মাদক অপব্যবহার বিধি দেখুন)। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।**		● প্রাথমিক	●	
যৌন অসদাচরণ				
যৌন সংস্পর্শ গঠন করে এমন কোনোভাবে বলপূর্বক, ইচ্ছাকৃতভাবে বা সম্মতিক্রমে নিজেকে বা অন্য কারোর শরীরকে এবং/অথবা পোশাককে স্পর্শ করা; এর মধ্যে পড়ে বৈদ্যুতিন "সেক্সটিং"।		●		
যৌন হয়রানি এবং/অথবা হয়রানি বা বৈষম্য				
জাতি, বর্ণ, লিঙ্গ, মূল জাতীয়তা, জনগোষ্ঠী, প্রতিবন্ধকতা, ধর্ম, যৌন পছন্দ বা অনুভূত যৌন পছন্দ অথবা স্টেটের বা যুক্তরাষ্ট্রীয় আইনের দ্বারা সুরক্ষিত অন্য কোনও বৈশিষ্ট্যের ভিত্তিতে। যৌন হয়রানির সংজ্ঞা হল অবাঞ্ছিত যৌন ঘনিষ্ঠতা, যৌন আনুকূল্যের অনুরোধ অথবা যৌন প্রকৃতির অন্যান্য মৌখিক বা শারীরিক সংস্পর্শ। এর মধ্যে পড়ে মৌখিক মন্তব্য, যৌন গালিগালাজ, অঙ্গভঙ্গি, রসিকতা, দোষারোপ, যৌন অভিমুখী ছবি ও চিঠি এবং যৌন প্রকৃতির গুজব ছড়ানো। যৌন হয়রানির ফলে ভবনের প্রতিপালন আধিকারিকের কাছে শিরোনাম IX এর রেফারাল করা হবে। প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।	● প্রাথমিক	●	●	

আচরণগত লঙ্ঘনসমূহ

অবাঞ্ছিত বা বিঘ্নকারী আচরণ	মাত্রা 1	মাত্রা 2	মাত্রা 3	মাত্রা 4
প্রযুক্তির/নেটওয়ার্কের অপব্যবহার				
ডিসট্রিক্টের প্রযুক্তির/নেটওয়ার্কের অবাঞ্ছিত ব্যবহার ডিসট্রিক্টের "গ্রহণযোগ্য ব্যবহারের নির্দেশিকা" লঙ্ঘন। ভার্চুয়াল পরিবেশে শিক্ষা সহায়তার জন্য ডিসট্রিক্টের প্রযুক্তি ইস্যু করা শিক্ষার্থীরা ডিসট্রিক্টের প্রযুক্তির অপব্যবহারের জন্য শাস্তি পেতে পারে। প্রিন্সিপালের/ মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 বা 4 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।	●	●	●	●
অর্থ বা সম্পত্তি (সরকারি বা ব্যক্তিগত) চুরি				
$100.00 এর কম মূল্যের অর্থ বা সম্পত্তি চুরি একটি মাত্রা 1 এর লঙ্ঘন। $100.00 বা তার বেশি মূল্যের অর্থ বা সম্পত্তি চুরি একটি মাত্রা 2 এর লঙ্ঘন। **চুরির ফলে আইন বলবৎকরণের কাছে রেফারাল করা হতে পারে।**	●	●		
10 জন বা তার বেশি মানুষকে দেওয়া হুমকি				
সংজ্ঞানুসারে একটি সন্ত্রাসবাদী হুমকি (পরিভাষাকোষ দেখুন)। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।**			● প্রাথমিক	●
হুমকি দেওয়া/অন্য কোনও ব্যক্তির প্রাণনাশের হুমকি দেওয়া				
কোনও প্রাপ্তবয়স্ককে বা শিক্ষার্থীকে মৌখিক বা শারীরিকভাবে হুমকি দেওয়া। প্রসঙ্গের ভিত্তিতে শাস্তির মাত্রা নির্ধারণ করা হবে। কোনও আবেগজনিত মন্তব্যের নিষ্পত্তি একটি পরিকল্পিত, লিখিত হুমকির মতো একইভাবে করা হবে না। প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 4 পর্যন্ত লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে। স্কুল প্রশাসন কর্তৃক আইন প্রয়োগকারী প্রশাসনের কাছে সুপারিশ পাঠানো হতে পারে।		● প্রাথমিক	●	●
তামাকজাত পণ্য/ধূমপান/বাষ্প টানা				
স্কুলের সম্পত্তির মধ্যে স্কুলের ঘণ্টার আগে, চলাকালীন ও পরে যে কোনও তামাকজাত পণ্য রাখা, ধূমপান করা বা ব্যবহার করা, যার মধ্যে পড়ে বাষ্প টানার যন্ত্র, বৈদ্যুতিন সিগারেট, তেল, হুঁকো পাইপ, দেশলাই, কাগজ, লাইটার ইত্যাদি। বাষ্প টানার যন্ত্র ও বৈদ্যুতিন সিগারেট সহ তামাকজাত পণ্যগুলি সঙ্গে সঙ্গে ফেলে দেওয়া হবে। **আইন বলবৎকরণের থেকে নাবালক বয়সে সেই যন্ত্রগুলি রাখা নিয়ে দৃষ্টান্তস্বরূপ উল্লেখ লিখতে পারে।**		●		
স্কুলের এবং/অথবা ডিসট্রিক্টের সম্পত্তিতে অনধিকার প্রবেশ				
স্থগিত করা অবস্থায় অথবা স্কুল বা কার্যকলাপ চালু না থাকার সময় স্কুলের মাঠে উপস্থিত থাকা।			●	
স্কুল পালানো				
অনুমতি ছাড়া ক্লাসে, মধ্যাহ্নভোজে, বাধ্যতামূলক শিক্ষাগত হস্তক্ষেপে বা স্কুল দিবসে অনুপস্থিতি; এর মধ্যে পড়ে অনুমতি ছাড়া অথবা অনুপস্থিতি যাচাই করে পিতার/মাতার দেওয়া নোট না দিয়ে বা পিতার/মাতার ফোন কল ছাড়া স্কুলের মাঠ ছেড়ে যাওয়া।	●			
ভাঙচুর করা				
অল্পমাত্রার, যার জন্যে সাফাই, পুনরুদ্ধারের জন্য অতিরিক্ত হেফাজতের সময় অন্তর্ভুক্ত করা হতে পারে; কর্মী, শিক্ষার্থী বা ডিসট্রিক্টের মালিকানাধীন সম্পত্তির ইচ্ছাকৃত ক্ষতি বা ক্ষতির প্রয়াস (পুনরুদ্ধারের প্রয়োজন হবে)। শিক্ষার্থীদের তামাশা এই লঙ্ঘনের অধীনে পড়তে পারে। ভবন প্রশাসকের দ্বারা যথেষ্ট গুরুতর বলে মনে করলে মাত্রা 3 এর লঙ্ঘন বলে বিবেচনা করা যেতে পারে।	●	●		
হিংসাত্মক কাজ				
কোনও শিক্ষার্থী বা কর্মী সদস্যের প্রতি, ***হত্যার বা গুরুতর শারীরিক আঘাত করার*** প্রয়াস—গুরুতর শারীরিক আঘাত করার উদ্দেশ্য নিয়ে কোনও শিক্ষার্থীর দ্বারা শারীরিক বলপ্রয়োগের প্রচেষ্টা। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।**			● প্রাথমিক	●
অস্ত্র/আগ্নেয়াস্ত্র রাখা				
অস্ত্র রাখা বা প্রয়োগ করা (অস্ত্রের সংজ্ঞা পরিভাষাকোষে দেওয়া রয়েছে)। **স্কুল প্রশাসনের থেকে আইন বলবৎকরণের কাছে একটি রেফারেল করা হবে।** 12				●

স্তরগুলির সংজ্ঞা

মাত্রা 1	**শ্রেণীকক্ষে সমর্থন ও প্রশাসনিক পদক্ষেপের উদাহরণগুলি**	
	শিক্ষকের শিক্ষার্থী সঙ্গে আলোচনা করা এবং উপযুক্ত আচরণ এবং/অথবা শ্রেণীকক্ষের নিয়মাবলী আবারও শেখানো	বিরতিতে আটক রাখা - আংশিকভাবে/সম্পূর্ণ (আচরণ লঙ্ঘন মোকাবেলার জন্য অন্য কোন বিকল্প না থাকলে ব্যবহার করা উচিত)
	ইতিবাচক অনুশীলন-প্রশিক্ষণের সুযোগ	মধ্যাহ্নভোজে সমর্থন (মধ্যাহ্নভোজ কখনোই আটকানো যাবে না)
	আচরণ সম্পর্কে পিতামাতাকে(দেরকে)/অভিভাবককে(দেরকে) মৌখিক/লিখিত চিঠিপত্র দেওয়া	শিক্ষকের/পিতামাতার/অভিভাবকের এবং/অথবা প্রিন্সিপালের সঙ্গে আলোচনা
	পিতামাতাকে(দেরকে)/অভিভাবককে(দেরকে) অগ্রগতি সম্পর্কে পাঠানো দৈনিক/সাপ্তাহিক রিপোর্ট	বিকল্প হস্তক্ষেপ রূপায়ন করুন, যেমন দৈনিক চার্ট, পুনরুদ্ধারকারী শাস্তির রীতিসমূহ
	উপযুক্ত হলে পাঠ্যক্রমকে খাপ খাইয়ে নিন	বিশেষ সুবিধাগুলি দিতে অস্বীকার করুন
	স্কুলের পর শিক্ষার্থীকে আটক রাখুন	মধ্যাহ্নভোজের/বিরতির সময় আটক রাখা
	প্রথম লঙ্ঘন- 3 দিন পর্যন্ত আটক রাখা বা স্থগিতকরণ	
	দ্বিতীয় লঙ্ঘন- 5 দিন পর্যন্ত স্থগিতকরণ।	
	তৃতীয় ও তৎপরবর্তী লঙ্ঘন- 10 দিন পর্যন্ত স্থগিতকরণ।	
মাত্রা 2	**নিবিড় সমর্থন ও প্রশাসনিক পদক্ষেপের উদাহরণগুলি**	
	পিতার/মাতার/অভিভাবকের সঙ্গে যোগাযোগ সহ শিক্ষার্থীকে নিয়ে পরামর্শসভা	স্কুলে আটক রাখা-বিরতির/মধ্যাহ্নভোজের বিশেষ সুবিধাগুলি হারানো
	পিতামাতার/অভিভাবকের/শিক্ষকের/শিক্ষার্থীর/প্রশাসকের পরামর্শসভা	পূর্বাবস্থা প্রাপ্তির এবং/অথবা পুনরুদ্ধারের রীতির পরামর্শ/সুযোগসমূহ
	স্কুল পরবর্তী আটক রাখা	আচরণ কমিটির কাছে শুনানির সুপারিশ, সঙ্গে 180 দিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতকরণের সম্ভাব্য অতিরিক্ত দিন
	দশ (10) দিন পর্যন্ত স্কুলের ভিতরে বা বাইরে স্থগিতকরণ	বহিষ্কার করা
	প্রথম লঙ্ঘন- 10 দিন পর্যন্ত স্থগিতকরণ।	
	দ্বিতীয় লঙ্ঘন- 180 দিন পর্যন্ত স্থগিতকরণ।	
মাত্রা 3	**স্থগিতকরণ ও সুপারিশ**	
	স্কুলের ভিতরে স্থগিত করা	180 দিন পর্যন্ত স্কুলের বাইরে স্থগিতকরণের সম্ভাব্য অতিরিক্ত দিন সহ আচরণ কমিটির কাছে শুনানির সুপারিশ
	স্কুলের বাইরে স্থগিত করা	
	ভিন্ন স্কুলে বিকল্প হস্তক্ষেপ কার্যক্রমে অবস্থান	
	আচরণ কমিটির কাছে শুনানির সুপারিশ, সঙ্গে 180 দিন পর্যন্ত স্কুলের বাইরে থাকার স্থগিতকরণের সম্ভাব্য অতিরিক্ত দিন	
	বহিষ্কার করা	
	পরবর্তী যে কোনও মাত্র 3 এর লঙ্ঘন- বহিষ্কার করা হতে পারে	
মাত্রা 4	**বর্ধিত স্থগিতকরণ ও সুপারিশ**	
	স্কুলের ভিতরে স্থগিত করা	
	180 দিন পর্যন্ত স্কুলের বাইরে স্থগিত করা	
	বহিষ্কার করা	
	অস্ত্রশস্ত্রের লঙ্ঘন—অন্তত এক বছর (365 ক্যালেন্ডার দিবস) স্থগিতকরণ বা বহিষ্কার, যা Mo. Rev. § 160.261 অনুসারে নির্ধারণ করা হবে	

শিক্ষার্থীদের মদ ও মাদক অপব্যবহার বিধি

শিক্ষা পর্ষদ ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্টের শিক্ষার্থীদের স্বাস্থ্য, কল্যাণ ও নিরাপত্তা সম্পর্কে নিজের দায়িত্বের ভাগ স্বীকার করে। সুতরাং, স্কুলের সম্পত্তিতে, স্কুলের স্পনসর করা কার্যকলাপ বা অনুষ্ঠানে, ফিল্ড ট্রিপগুলিতে অথবা স্কুল ডিসট্রিক্টের শিক্ষার্থীদের পরিবহণে ব্যবহৃত যে কোনও গাড়িতে মদ বা মাদকের ব্যবহার, হস্তান্তর, রাখা বা প্রভাবের অধীন থাকা নিষিদ্ধ।

শিক্ষার্থীদের আচরণবিধির প্রয়োগ অনুসারে **মদ** হল অ্যালকোহল, "অ্যালকোহল-বিহীন" মল্ট পানীয় বা পদার্থ যা অ্যালকোহল বা "অ্যালকোহল-বিহীন" মল্ট পানীয় হিসেবে উপস্থাপিত হয়।

শিক্ষার্থীদের আচরণবিধির প্রয়োগ অনুসারে **মাদকের** সংজ্ঞা হল নেশাদ্রব্য, বেআইনি ওষুধপত্র, প্রেসক্রিপশনের ওষুধপত্র, প্রেসক্রিপশন বহির্ভূত আইনসম্মত কৃত্রিম পদার্থ বা দোকানে কিনতে পাওয়া ওষুধপত্র যা প্রতিবন্ধকতা সৃষ্টি করে এবং/অথবা মানসিক পরিবর্তন ঘটানো রাসায়নিক বা নিয়ন্ত্রিত পদার্থগুলি; অথবা তাদের নকশা-বহির্ভূত উদ্দেশ্যে যে পদার্থগুলি নেশাদ্রব্য, বেআইনি ওষুধপত্র, প্রেসক্রিপশনের ওষুধপত্র, প্রেসক্রিপশন বহির্ভূত আইনসম্মত কৃত্রিম পদার্থ বা দোকানে কিনতে পাওয়া ওষুধপত্র যা প্রতিবন্ধকতা সৃষ্টি করে এবং/অথবা মানসিক পরিবর্তন ঘটানো রাসায়নিক বা নিয়ন্ত্রিত পদার্থগুলি হিসেবে উপস্থাপিত হয়; অথবা ওষুধ নেওয়ার সরঞ্জাম।

যদিও স্কুল ডিসট্রিক্টের কোনও যোগ্য ব্যক্তির শিক্ষা সীমিত করা পর্ষদের বা স্কুলের শিক্ষকগণের ও প্রশাসনের উদ্দেশ্য নয়, তবে এটা স্বীকৃত যে শিক্ষার উপযুক্ত পরিবেশ তৈরি করার জন্য স্কুলে উত্তম শৃঙ্খলা ও স্কুলের নাগরিকত্ব থাকা জরুরি। মাদক বা মদের প্রভাবে থাকা অথবা এইসকল পদার্থগুলি রাখাসহপাঠীদের কারণে হওয়া অনাবশ্যক বিঘ্ন ও বিভ্রান্তির সম্মুখীন হওয়া শিক্ষাগত ও কার্যকলাপের সুযোগ সবচেয়ে ভালোভাবে কাজে লাগানোর আকাঙ্ক্ষাযুক্ত শিক্ষার্থীদের প্রতি ন্যায়সঙ্গত হয় না।

কোনও শিক্ষার্থী **মদ বা মাদকের প্রভাবে রয়েছে বা সেগুলি সঙ্গে রেখেছে** বলে দেখা গেলে তাদেরকে 180টি স্কুল-দিবস পর্যন্ত স্থগিত করা বা বহিষ্কার করা হতে পারে। প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি সেইসব শিক্ষার্থীকে প্রাথমিকভাবে দশটি (10) স্কুল-দিবসের জন্য স্থগিত **করবেন**। প্রথমবার মদ রাখা বা মাদক রাখার লঙ্ঘনের জন্য শিক্ষার্থীটি 10-দিনের স্থগিতকরণের পরিবর্তে ভিন্ন কোনও স্কুলের স্থানে একটি বিকল্প হস্তক্ষেপ কার্যক্রমে উপস্থিত থাকা বেছে নিতে পারে। শিক্ষার্থীটিকে প্রেফারড ফ্যামিলি হেলথ(Preferred Family Health) এর মাধ্যমে একটি সর্বাঙ্গীণ মাদক মূল্যায়নে অংশ নিতে হবে। এই 10 দিন সময়কালে শিক্ষার্থীটি একটি পূর্ণ-দিবস স্কুলে উপস্থিত থাকবে এবং তাদের পাঠ্যক্রমের যাবতীয় বরাদ্দ কাজ সম্পন্ন করবে এবং মাদকের/মদের কাউন্সেলিং প্রাপ্ত করবে। শিক্ষার্থীটি তাদের নিজেদের স্কুলে ফিরে এলে ক্রমাগত সহায়তা ও ইতিবাচক সিদ্ধান্তগ্রহণ এবং স্থিতিস্থাপকতা গঠন প্রাপ্ত করবে। শিক্ষার্থীটি বা পিতা–মাতা/অভিভাবক সন্তোষজনকভাবে প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করা, মূল্যায়ন বা ক্রমাগত সহায়তা বৈঠকগুলি সম্পন্ন না করলে প্রাথমিক 10-দিনের স্থগিতকরণ আরোপ করা হবে এবং উপযুক্ত শাস্তি(গুলি) এবং/অথবা অতিরিক্ত স্থগিতকরণের দিনসংখ্যা নির্ধারণ করতে আচরণ কমিটির একটি শুনানি আয়োজিত হবে। শাস্তির(গুলির) সুপারিশ সুপারিন্টেনডেন্টের/মনোনীত ব্যক্তির সিদ্ধান্তের জন্য তাদের কাছে জমা দেওয়া হবে।

শিক্ষার্থীদের আচরণবিধি অনুসারে দ্বিতীয় লঙ্ঘন ঘটলে শিক্ষার্থীটিকে 180টি স্কুল-দিবসের জন্য স্থগিত করা বা বহিষ্কার করা হতে পারে।

লঙ্ঘনের তীব্রতার উপর নির্ভর করে, কোনও শিক্ষার্থীকে **মদ বা মাদক বিক্রি , শেয়ার করা বা বিতরণে জড়িত থাকতে** দেখা গেলে তাকে 180টি স্কুল-দিবসের জন্য স্থগিত করা বা বহিষ্কার করা হতে পারে। প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি সেইসব শিক্ষার্থীকে প্রাথমিকভাবে দশটি (10) স্কুল-দিবসের জন্য স্থগিত করতে **পারেন**। প্রাথমিক দশটি (10) স্কুল-দিবসের স্থগিত করার সময়কালের মধ্যে উপযুক্ত শাস্তি(গুলি) নির্ধারণ করতে আচরণ কমিটির একটি শুনানি আয়োজিত হতে পারে। শাস্তির(গুলির) সুপারিশ সুপারিন্টেনডেন্টের/মনোনীত ব্যক্তির সিদ্ধান্তের জন্য তাদের কাছে জমা দেওয়া হতে পারে। আচরণ কমিটির শুনানি অফিসার, তার বিবেচনা অনুসারে বিকল্প শিক্ষা অবস্থানের সুপারিশ করতে পারে--বিকল্প শিক্ষা কেন্দ্র (Alternative Learning Center - ALC). এই অবস্থান গৃহীত হলে: (1) ALC শুরু করার দুই (2) সপ্তাহের মধ্যে প্রেফারড ফ্যামিলি হেলথ-এ একটি মাদক মূল্যায়ন সম্পন্ন করা আবশ্যক। (2) শিক্ষার্থীটিকে প্রেফারড ফ্যামিলি হেলথ প্রদত্ত মাদক কাউন্সেলিং সেশনে অংশ নিতে হবে।

শিক্ষার্থীদের মদ/মাদক অপব্যবহার বিধি

নিম্নলিখিত **সংজ্ঞাগুলি** প্রযোজ্য হবে:

“বিক্রি, ভাগ করে নেওয়া ও বিতরণের” অর্থ হল মদ বা মাদকের এক ব্যক্তির থেকে অপর ব্যক্তির কাছে প্রকৃত হস্তান্তর, গঠনমূলক হস্তান্তর, হস্তান্তরের প্রয়াস বা হস্তান্তরের প্রস্তাব। বিক্রয়, পণ্যবিনিময়, আদানপ্রদান, সামাজিক শেয়ারিং ও উপহার এই শর্তের অন্তর্ভুক্ত, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়।

"রাখার" অর্থ হল কোনও ব্যক্তির, অথবা কোনও শিক্ষার্থীর কাছে বা নিয়ন্ত্রণে থাকা সম্পত্তির জিনিসপত্রে, বরাদ্দ বা গচ্ছিত মদ বা মাদক থাকার কর্ম বা অবস্থা।

"প্রভাবের অধীনে থাকার" অর্থ হল শরীরের মধ্যে মাদক গ্রহণ, খাওয়া বা টানা (মুখ দিয়ে, ইনজেকশন নিয়ে, শুঁকে, ইত্যাদি)। "প্রভাবের অধীনে থাকার" মধ্যে পড়ে ডিসট্রিক্টের সম্পত্তিতে বা স্কুলের স্পনসর করা কার্যকলাপে অথবা ডিসট্রিক্টের সম্পত্তিতে বা তার বাইরের ফিল্ড ট্রিপে উপস্থিত হওয়ার আগে মদ বা মাদকের যে কোনও প্রয়োগ, যখন সেই প্রয়োগ শিক্ষার্থীটি স্কুলে বা কার্যকলাপে থাকাকালীন পর্যবেক্ষণ বা পরীক্ষার দ্বারা সনাক্তযোগ্য হয়, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। কোনও প্রশাসক কোনও শিক্ষার্থী প্রভাবের অধীনে রয়েছে বলে সন্দেহ করলে তারা ফিল্ড স্বাচ্ছন্দ্য পরীক্ষা করাতে, চিকিৎসা পেশাদারদের সঙ্গে পরামর্শ করতে বা পরীক্ষা করাতে পারেন। যুক্তিসঙ্গত সন্দেহ থাকলে পরীক্ষার মধ্যে থাকবে মদের জন্য শ্বাস পরীক্ষা এবং মাদকের জন্য লালারস পরীক্ষা। কোনও পরিস্থিতিতেই "প্রভাবের অধীনে থাকার" সংজ্ঞা মোটরগাড়ি চালানোর জন্য প্রযোজ্য শর্তে সীমাবদ্ধ থাকবে না।

“মাদক নেওয়ার সরঞ্জাম” এর অর্থ হল মানবদেহে কোনও নিয়ন্ত্রিত পদার্থ বা নিয়ন্ত্রিত পদার্থের নকল রোপণ, উৎপাদন, চাষ, গজানো, ফসল কাটা, নির্মাণ, মিশ্রণ করা, রূপান্তর করা, তৈরি করা, প্রক্রিয়া করা, প্রস্তুত করা, মজুতকরণ, পাত্রে রাখা, লুকোনো, ইনজেক্ট করা, শুঁকে নেওয়া বা অন্য কোনোভাবে প্রবেশ করানোর জন্য ব্যবহৃত, ব্যবহারের জন্য উদ্দিষ্ট বা নকশা করা যাবতীয় সরঞ্জাম, পণ্য, পদার্থ বা উপাদান।



আগ্নেয়াস্ত্র-মুক্ত স্কুল বিধি

ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্ট তাদের শিক্ষার্থীদের জন্য শিক্ষার পরিবেশ এবং কর্মচারীদের জন্য কর্মস্থল নিরাপদ, হিংসা-মুক্ত রাখতে চায়। ডিসট্রিক্ট দৃঢ়ভাবে বলে যে স্কুলের মাঠে আগ্নেয়াস্ত্রের কোনও জায়গা নেই।

ডিসট্রিক্ট স্বীকার করে যে আগ্নেয়াস্ত্র স্কুলে নিয়ে আসা শিক্ষার্থীদের সঙ্গে আচরণ সম্পর্কে যুক্তরাষ্ট্রীয় ও স্টেটের আইন প্রতিপালন আবশ্যক। তদনুসারে, এই তথ্য 1994 সালের আমেরিকার স্কুলগুলির উন্নতি আইন (Improving America's Schools Act of 1994), প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা আইন (Individuals with Disabilities Education Act) এবং প্রযোজ্য অন্যান্য যুক্তরাষ্ট্রীয় ও স্টেটের আইন মেনে চলে।

ডিসট্রিক্ট কোনও শিক্ষার্থীদের স্কুলে আগ্নেয়াস্ত্র নিয়ে আসা স্কুল প্রাঙ্গণে নিজেদের ও অন্যান্যদের প্রতি যে ক্ষতির ঝুঁকি উপস্থাপিত করে তা স্বীকার করে। ডিসট্রিক্ট আগ্নেয়াস্ত্র রাখাকে শিক্ষার্থীদের, কর্মচারীদের ও অন্যান্য ব্যক্তিদের স্বাস্থ্য, সুরক্ষা ও নিরাপত্তার প্রতি আশঙ্কার সম্ভাবনা বলে স্বীকার করে। ডিসট্রিক্ট আমাদের স্কুলগুলির প্রাঙ্গণে কোনও ব্যক্তির আগ্নেয়াস্ত্র নিয়ে আসার দ্বারা উপস্থাপিত ক্ষতির ঝুঁকি বরদাস্ত করবে না।

এই কারণে, ডিসট্রিক্টের দেওয়া বিবৃতি নিম্নরূপ:

I. সংজ্ঞাসমূহ

"আগ্নেয়াস্ত্র" পরিভাষাটির সংজ্ঞা 18 মার্কিন যুক্তরাষ্ট্রের আইনের ধারা 921 (18 United States Code Section 921) এর সবচেয়ে সাম্প্রতিক সংস্করণে ঘোষিত যুক্তরাষ্ট্রীয় আইনানুসারে দেওয়া হয়। "আগ্নেয়াস্ত্র" পরিভাষাটির মধ্যে পড়ে নিম্নরূপ জিনিসগুলি, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়:

A. যে কোনও জিনিস যা একটি লোড করা বা না করা অস্ত্র, অস্ত্রের ফ্রেম বা অস্ত্রের ব্যারেল এবং কোনও বিস্ফোরকের বিস্ফোরণ দ্বারা গোলাগুলি নিক্ষেপ করার জন্য যার নকশা করা হয়েছে অথবা যাকে সঙ্গে সঙ্গে এমন কিছুতে রূপান্তরিত করা যায়; অথবা

B. যে কোনও জিনিস যা কোনও বিস্ফোরকের বিস্ফোরণ বা অন্য কোনও চালক যন্ত্রের দ্বারা গোলাগুলি নিক্ষেপ করার জন্য যার নকশা করা হয়েছে অথবা যাকে সঙ্গে সঙ্গে এমন কিছুতে পরিবর্তিত করা যায় এবং যাতে অন্তত আধ ইঞ্চি ব্যাসের বোরযুক্ত একটি ব্যারেল রয়েছে; অথবা

C. যে কোনও বিস্ফোরক, অগ্নি-উৎপাদক বা বিষাক্ত গ্যাস, যেমন: বোমা; গ্রেনেড, চার (4) আউন্সের বেশি চালক চার্জ সহ রকেট; এবং যুক্তরাষ্ট্রীয় আইন অনুসারে স্বীকৃত অন্যান্য অনুরূপ যন্ত্রপাতি; অথবা

D. উপরের সংজ্ঞা অংশের ফটোগ্রাফ B ও C এর বর্ণনা অনুসারে যে কোনও যন্ত্রকে একটি যন্ত্রে পরিণত করার জন্য নকশা করা অথবা সেইরূপ ব্যবহারের জন্য উদ্দিষ্ট অংশগুলির যে কোনও সমন্বয়।

II.

III. যে শিক্ষার্থী স্কুলে আগ্নেয়াস্ত্র নিয়ে আসে

ডিসট্রিক্ট কোনও শিক্ষার্থীর স্কুলে আগ্নেয়াস্ত্র নিয়ে আসা বরদাস্ত করবে না। সুতরাং, কোনও শিক্ষার্থী স্কুলে আগ্নেয়াস্ত্র নিয়ে এসেছে বলে নির্ধারিত হলে ডিসট্রিক্টের থেকে নিম্নলিখিত পদক্ষেপ নেওয়া হবে:

A. ডিসট্রিক্টের থেকে শিক্ষার্থীটিকে উপযুক্ত ফৌজদারি ন্যায়বিচার বা অপ্রাপ্তবয়স্কদের অপরাধ ব্যবস্থার কাছে প্রেরণ করা হবে; এবং

B. ডিসট্রিক্ট শিক্ষার্থীটিকে স্কুলের থেকে লঙ্ঘনের তারিখের পর কমপক্ষে এক (1) বছর (365 দিন) সময়কালের জন্য স্থগিত করবে এবং তার বিবেচনা অনুসারে শিক্ষার্থীটিকে স্থায়ীভাবে স্কুলের থেকে বহিষ্কার করতে পারে। সুপারিন্টেনডেন্ট পরিস্থিতি সেই পরিবর্তনকে সমর্থন করলে এই স্থগিত করার ব্যবস্থাটি স্কুলের সুপারিন্টেনডেন্টের সুপারিশের ভিত্তিতে প্রতিটি কেস পৃথকভাবে পরিবর্তিত করা যেতে পারে।

C. ডিসট্রিক্ট তার বিবেচনা অনুসারে কোনও শিক্ষার্থীকে একটি বিকল্প পরিবেশে ডিসট্রিক্টের নীতি 2620 (District Policy 2620) অনুসারে স্থগিতকরণ প্রদান করতে পারে।

IV. প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রতি প্রযোজ্যতা

আগ্নেয়াস্ত্র-মুক্ত স্কুলের এই নির্দেশিকা লঙ্ঘন করেছে বলে নির্ধারিত শিক্ষার্থীর প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা আইন অনুসারে প্রতিবন্ধকতা থাকলে ডিসট্রিক্ট প্রযোজ্য বিধি ও প্রবিধানসমূহে ঘোষিত যুক্তরাষ্ট্রীয় ও স্টেটের প্রয়োজনীয়তাগুলি মেনে চলবে। কোনও প্রতিবন্ধী শিক্ষার্থী স্কুলে আগ্নেয়াস্ত্র নিয়ে এলে সেই আইন ও বিধিসমূহে ঘোষিত বিশেষ প্রণালী অনুসরণ করতে হবে। এই নির্দেশিকা প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রতি সেই পরিসরেই প্রযোজ্য হবে যেখানে প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা আইন অনুসারে সেগুলি প্রয়োগের অনুমতি রয়েছে।

V. ডিসট্রিক্টের অন্যান্য নীতির প্রযোজ্যতা

ডিসট্রিক্টের অন্যান্য যাবতীয় অস্ত্র নীতি, শৃঙ্খলা নীতি অথবা অস্ত্রের মতো দেখতে জিনিসের নীতি বর্তমানে যেমন বিদ্যমান রয়েছে অথবা এর পর যেভাবে সংশোধিত হবে সেভাবেই কার্যকর থাকবে।

শৃঙ্খলার সংজ্ঞাসমূহ

আটক রাখার অধ্যয়নের হল - স্কুলের ঘন্টার বাইরে চালু একটি তত্ত্বাবধানের অধীন অধ্যয়নের হল। শনিবারের স্কুল একটি তত্ত্বাবধানের অধীন অধ্যয়নের হলের পরিবেশ যা শনিবার সকালে স্কুলের ঘন্টার বাইরে চালু থাকে। স্কুল-ভেদে সময় বদলাবে। শিক্ষার্থীদের কার্যকলাপ মনোযোগ দিয়ে পর্যবেক্ষণ করা হয় ও সীমাবদ্ধ থাকে। শিক্ষার্থীদের কাছে আটক রাখার গোটা সময়কাল জুড়ে শান্ত থাকা ও শুধুমাত্র বরাদ্দ করা কাজগুলির উপর কাজ করার প্রত্যাশা করা হয়। দেরীতে এলে বরাদ্দ করা আটক রাখা পালনের সুযোগ দেওয়া হবে না।

স্কুলের ভিতর স্থগিত করা (ISS/ISAP) - একটি কাঠামোবদ্ধ, স্বয়ংসম্পূর্ণ পরিবেশ যেখানে শিক্ষার্থীদের ক্রেডিটের জন্য বরাদ্দ করা কাজ সম্পন্ন করার সুযোগ দেওয়া হবে। শিক্ষার্থীর ISS/ISAP-তে অবস্থানের আগে পিতার/মাতার/অভিভাবকের মধ্যে একজনের সঙ্গে যোগাযোগ করা হবে। কোনও IEP থাকা শিক্ষার্থীকে ISS/ISAP-তে রাখা হলে তাদের বিশেষ শিক্ষা পরিষেবা IEP-তে যেমন বিবৃত রয়েছে তেমনভাবে প্রদান করা হবে অথবা ISS/ISAP-তে থাকার সময় স্কুলের বাইরে থাকার স্থগিতকরণ হিসেবে গণনা করা হবে। কোনও শিক্ষার্থী তাদের স্কুলের ভিতরের স্থগিতকরণ সম্পন্ন করার পর কার্যকলাপে অংশ নিতে পারে।

স্কুলের বাইরে থাকার স্থগিতকরণ (OSS) - স্কুলে উপস্থিতির থেকে সরিয়ে দেওয়া। শিক্ষার্থীর স্কুলে ফেরার আগে একজন শিক্ষার্থী ও পিতা/মাতা/অভিভাবকের পরামর্শসভার প্রয়োজন হতে পারে। যে শিক্ষার্থীরা OSS পাবে তারা নীচে নির্দেশ করা পরিস্থিতিতে ছাড়া নিজেদের 100% ক্রেডিটের জন্য ছেড়ে যাওয়া কাজ পূরণ করার সুযোগ পাবে।

স্থগিতকরণের সময় কোনও শিক্ষার্থীর গ্রেড স্থগিতকরণের সময়কালে ক্লাসের বাইরে সম্পন্ন করার জন্য শিক্ষার্থীটিকে যে কাজ প্রদান করা হয়েছিল তার ভিত্তিতে দেওয়া হবে। কোনও শিক্ষার্থীকে বিকল্প পরিবেশ পেশ করা হলে এবং সেই পরিবেশ প্রত্যাখ্যান করা হলে পিতামাতা(গণ)/অভিভাবক(গণ) স্থগিতকরণের সময়কালে শিক্ষার্থীর শিক্ষার দায়িত্ব গ্রহণ করবেন।

কোনোভাবে পূরণ করার অনুমতি দেওয়া হবে না যদি:

- OSS থেকে ফেরার পর শেষ তারিখের মধ্যে কাজ জমা দেওয়া না হয়
- ISS/ISAP এর কাজ শিক্ষার্থীটি ক্লাসে ফেরার দিনে সম্পন্ন না করা হয়
- শিক্ষার্থী/পিতামাতা(গণ)/অভিভাবক(গণ) AIP (বিকল্প হস্তক্ষেপ কার্যক্রম) না নেওয়া বেছে নেন
- স্থগিতকরণ 55টি স্কুল-দিবসে বেশি সময়ের জন্য হয়

স্কুল থেকে স্থগিত করা কোনও শিক্ষার্থী স্কুলের বাইরে থাকার স্থগিতকরণের সময়কালে স্কুলের সম্পত্তিতে বা ডিসট্রিক্টের অন্য কোনও সম্পত্তিতে উপস্থিত থাকতে পারবে না। অধিকন্তু, একজন স্থগিত করা শিক্ষার্থী স্থগিতকরণের সময়কাল জুড়ে ক্যাম্পাসের ভিতরে বা বাইরে কোনও পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপে অংশ নিতে বা উপস্থিত থাকতে পারবে না। স্কুলের বাইরে থাকার স্থগিতকরণ সম্পন্ন করার পর একজন শিক্ষার্থীর কার্যকলাপে অংশ নেওয়ার বা কার্যকলাপে প্রতিযোগী হওয়া আগে নিজেকে একজন বিশ্বাসযোগ্য স্কুল নাগরিক হিসেবে পুনঃপ্রতিষ্ঠা করা আবশ্যক। যদিও, কোনও শিক্ষার্থীর আচরণ কমিটির শুনানিতে উপস্থিত থাকার এবং বরাদ্দ করা বিকল্প কার্যক্রমে উপস্থিত থাকার অনুমতি থাকবে।

স্কুলের বাইরে থাকার স্থগিতকরণের পর স্কুলে ফেরা কোনও শিক্ষার্থীর একটি পুনঃপ্রবেশ বৈঠকে উপস্থিত থাকা আবশ্যক যাতে প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি জড়িত থাকবেন এবং শিক্ষার্থীর পিতামাতা(গণ)/অভিভাবক(গণ) যার অন্তর্ভুক্ত হতে পারেন।

10 থেকে 180 দিনের জন্য স্কুলের বাইরে থাকার স্থগিতকরণ –সুপারিন্টেনডেন্ট/মনোনীত ব্যক্তি কোনও শিক্ষার্থীকে 180টি স্কুল-দিবস পর্যন্ত স্থগিত করতে এবং শিক্ষা পর্ষদের কাছে দীর্ঘতর স্থগিতকরণের ও বহিষ্কারের সুপারিশ করতে পারেন। কেবলমাত্র পর্ষদের থেকেই একশো আশি (180) দিনের বেশি সময়ের স্থগিতকরণ আরোপ করা যেতে পারে। আচরণ কমিটির শুনানি প্রাথমিক স্থগিতকরণ যে আচরণের ফলে ঘটেছে তার পর্যালোচনা করতে এবং দশ (10) দিনের বেশি সময়ের স্কুলের বাইরে থাকার স্থগিতকরণের এবং/অথবা বহিষ্কারের সম্পর্কে সুপারিশ করতে আহ্বান করা হবে।

শৃঙ্খলার সংজ্ঞাসমূহ

আচরণ কমিটির শুনানি - দশটি (10) স্কুল-দিবসের বেশি সময়ের স্কুলের বাইরে থাকার কোনও স্থগিতকরণ বাস্তবায়নের আগে আচরণ কমিটির একটি শুনানি আয়োজিত হবে। আচরণ কমিটির শুনানিতে থাকবেন একজন শুনানি আধিকারিক, প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি এবং প্রয়োজন মনে হলে ভবনের বা ডিসট্রিক্টের অন্যান্য কর্মীরা। শিক্ষার্থী ও তাদের পিতামাতাকে(দের)/অভিভাবককে(দের) আচরণ কমিটির শুনানিতে উপস্থিত থাকার সুযোগ দেওয়া হবে। শিক্ষার্থীর প্রাথমিক দশটি (10) স্কুল-দিবস স্থগিতকরণের সময়কালের মধ্যে শুনানি আয়োজিত হবে। আচরণ কমিটির শুনানিতে অ্যাটর্নিদের উপস্থিত থাকার অনুমতি নেই (কেবলমাত্র যে পিতা/মাতা/অভিভাবক নিজে অ্যাটর্নি এবং নিজের সন্তানের সঙ্গে উপস্থিত থাকবেন তারা ছাড়া)। আচরণ কমিটির শুনানিতে রেকর্ডিংয়ের যন্ত্র রাখা অনুমতি থাকবে না, যদি না তা পিতার/মাতার/অভিভাবকের প্রতিবন্ধকতার সঙ্গে মানিয়ে নিতে তা করার প্রয়োজন হয়। মানিয়ে নেওয়ার জন্য রেকর্ডিংয়ের যন্ত্র ব্যবহারের বিজ্ঞপ্তি শুনানির অন্তত 48 ঘন্টা আগে শিক্ষার্থী পরিষেবা বিভাগের (Student Services Department) দ্বারা প্রাপ্ত করা আবশ্যক।

সুপারিন্টেনডেন্টের মনোনীত ব্যক্তির দ্বারা দশটি (10) স্কুল-দিবসের বেশি সময়ের স্কুলের বাইরে থাকার কোনও স্থগিতকরণ পাওয়া কোনও শিক্ষার্থী স্থগিত করার বিজ্ঞপ্তি পাওয়ার দশ (10) দিনের মধ্যে সুপারিন্টেনডেন্ট অব স্কুলস(Superintendent of Schools) এর কাছে আচরণ কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের নুরোধ করতে পারে, যদি তারা মনে করে যে তাদের কাছে থাকা কোনও তথ্য শুনানিতে বিবেচনা করা হয়নি। এরূপ অনুরোধ সুপারিন্টেনডেন্টের দপ্তরে আপিলের অনুরোধ করার শেষ তারিখের বিকেল 4:30টের মধ্যে প্রাপ্ত হওয়া আবশ্যক। অ্যাটর্নিদের সুপারিন্টেনডেন্ট অব স্কুলস এর আপিল বৈঠকে উপস্থিত থাকার অনুমতি নেই।

শিক্ষার্থীর পিতামাতা(গণ)/অভিভাবক(গণ) সুপারিন্টেনডেন্ট অব স্কুলস এর সিদ্ধান্তে অসম্মত হলে শিক্ষা পর্ষদের কাছে একটি শুনানির অনুরোধ করা যেতে পারে। সেই শুনানির অনুরোধ করা কোনও শিক্ষার্থীকে শিক্ষার্থীর বিরুদ্ধে থাকা অভিযোগগুলি; শুনানির সময়, তারিখ ও স্থান; এবং শিক্ষার্থীটির একজন কৌঁসুলির প্রতিনিধিত্ব পাওয়ার, সাক্ষীদের ডাকার ও জেরা করার এবং শিক্ষার্থীর পক্ষসমর্থনে অন্যান্য প্রমাণ উপস্থাপিত করার অধিকার সম্পর্কে লিখিতভাবে জানানো হবে।

বিশেষ শিক্ষার *(প্রতিবন্ধী শিক্ষার্থীদের)* শৃঙ্খলা বিধি - বর্তমানে বিশেষ শিক্ষা পাওয়া শিক্ষার্থীদের স্টেটের ও যুক্তরাষ্ট্রীয় আদেশানুসারে শৃঙ্খলাবদ্ধ করা হবে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের আচরণ কমিটির শুনানির জন্য সুপারিশ করার এবং শুনানির ফলস্বরূপ 10টি স্কুল-দিবসের বেশি স্থগিত করা অন্তর্ভুক্ত থাকার ক্ষেত্রগুলিতে আচরণ কমিটির শুনানির পরবর্তীতে লঙ্ঘনটি শিক্ষার্থীর প্রতিবন্ধকতা সংক্রান্ত কিনা তা নির্ধারণ করতে একটি প্রকাশ নির্ধারণ বৈঠক আয়োজিত হবে।

হাই স্কুলের শিক্ষার্থীদের A+ নাগরিকত্ব নীতি

ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্টের A+ পরামর্শদাতা কমিটি মনে করে যে শিক্ষার্থীর A+ স্থিতি সহ গ্র্যাজুয়েট হওয়ার জন্য উত্তম নাগরিকত্ব সবচেয়ে গুরুত্বপূর্ণ। A+ কার্যক্রমে অংশ নেওয়া স্থগিতকরণ পাওয়া শিক্ষার্থীদের যোগ্যতা ঝুঁকির সম্মুখীন হয়ে পড়বে। চারটি বছরের সবকটিই নাগরিকত্বের রেকর্ডের অংশ। নিম্নলিখিত ক্ষেত্রের ফলে A+ কার্যক্রমের থেকে সরিয়ে দেওয়া হবে:

- শিক্ষার্থীর হাই স্কুল পড়ার সময়ের মধ্যে (গ্রেড 9- 12) 5 বা তার বেশি বার স্কুলের ভিতরের বা বাইরের স্থগিতকরণ।
- 10 দিন বা তার বেশি সময় স্কুলের বাইরে থাকার স্থগিতকরণ ঘটে এমন যে কোনও স্থগিতকরণ।

A+ আপিল প্রক্রিয়া

কোনও শিক্ষার্থীর এবং/অথবা পিতার/মাতার/অভিভাবকের কোনও উপস্থিতির বা নাগরিকত্বের লঙ্ঘনের বিজ্ঞপ্তি পাওয়ার পর একটি A+ আপিল প্রাপ্ত করার অধিকার রয়েছে। উদ্বেগ বা অযোগ্যতার ক্ষেত্রগুলিতে:

- শিক্ষার্থী ও পিতার/মাতার/অভিভাবকের A+ সমন্বায়ককে তাদের উদ্বেগ বা অযোগ্যতা নিয়ে আলোচনা করার উদ্দেশ্য লিখিতভাবে অবহিত করা আবশ্যক।
- A+ সমন্বায়ক যোগ্যতা বিবেচনা করার জন্য A+ আপিল কমিটির একটি বৈঠক আহ্বান করবেন।
- A+ আপিল কমিটি অনুরোধটি শুনবে এবং শিক্ষার্থীর ও পিতার/মাতার/অভিভাবকের কাছে তার সিদ্ধান্ত জানিয়ে দেবে।

আপিলের অনুরোধ করা যে কোনও ব্যক্তিকে একটি "A+ আপিল" ফর্ম পূরণ করতে হবে যা শিক্ষার্থীর হাই স্কুলে A+ সমন্বায়কের কাছে পাওয়া যাবে। পর্যালোচনা কমিটি একটি সিদ্ধান্তে পৌঁছনোর পর A+ সমন্বায়ক পিতামাতাকে(দের)/অভিভাবককে(দের) অবহিত করবেন।

শৃঙ্খলার সংজ্ঞাসমূহ

বহিষ্কার – বহিষ্কার পরিভাষাটি বলতে বোঝায় স্কুল থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা। দীর্ঘমেয়াদী স্থগিতকরণ আরোপের সঙ্গে সুপারিন্টেনডেন্ট অব স্কুলস শিক্ষা পর্ষদের কাছে শিক্ষার্থীকে স্কুলের থেকে বহিষ্কারের সুপারিশ করতে পারে। পর্ষদ সেই সুপারিশগুলি পর্যালোচনা করবে এবং সিদ্ধান্ত নেবে যে বহিষ্কারের শুনানিতে অগ্রসর হওয়া যাবে কিনা। শিক্ষা পর্ষদ বহিষ্কারের শুনানিতে অগ্রসর হলে শিক্ষার্থীকে ও পিতামাতাকে(দের)/অভিভাবককে(দের) শিক্ষার্থীর বিরুদ্ধে থাকা অভিযোগগুলি; শুনানির সময়, তারিখ ও স্থান; এবং শিক্ষার্থীটির একজন কৌঁসুলির প্রতিনিধিত্ব পাওয়ার, সাক্ষীদের ডাকার ও জেরা করার এবং শিক্ষার্থীর পক্ষসমর্থনে অন্যান্য প্রমাণ উপস্থাপিত করার অধিকার সম্পর্কে লিখিতভাবে জানানো হবে। কোনও শিক্ষার্থীকে শিক্ষা পর্ষদের কাছে শুনানি ছাড়া বহিষ্কার করা হবে না।

ডিসট্রিক্টের নীতি 2660 অনুসারে, ডিসট্রিক্ট সম্ভাব্য পুনরায় ভর্তির কথা বিবেচনা বৈঠক পরিচালনা না করা পর্যন্ত এই ডিসট্রিক্ট থেকে স্থগিতকরণ বা বহিষ্কারের পরবর্তীতে কোনও শিক্ষার্থীকে পুনরায় ভর্তি করা বা নথিভুক্তির অনুমতি দেওয়া যাবে না (আইনি প্রয়োজনীয়তার ব্যতিক্রম ছাড়া)। বৈঠক চলাকালীন অংশগ্রহণকারীরা যে আচরণের ফলস্বরূপ শাস্তি হয়েছে এবং অনুরূপ আচরণ ভবিষ্যৎ ঘটনা প্রতিরোধের জন্য জরুরি বলে মনে হয় এমন যে কোনও নিবারক পদক্ষেপের কথা বিবেচনা করবেন।

যদিও, কনশিক্ষারথিকে পুনরায় ভর্তি বা নথিভুক্ত করা হবে না যদি শিক্ষার্থীটি একজন প্রাপ্তবয়স্ক বা অল্পবয়স্ক হিসেবে চূড়ান্ত বিচার ছাড়া সাজাপ্রাপ্ত, অভিযুক্ত হয় অথবা অল্পবয়স্কের আচরণের জন্য সাজাপ্রাপ্ত হয়, যা, প্রাপ্তবয়স্ক হিসেবে অভিযুক্ত হলে, নিম্নলিখিত অপরাধগুলির একটি গঠন করবে:

- প্রাথমিক স্তরের হত্যা (Mo. Rev. Stat. § 536.020)
- দ্বিতীয় স্তরের হত্যা (Mo. Rev. Stat. § 565.021)
- প্রাথমিক স্তরের আক্রমণ (Mo. Rev. Stat. § 536.020)
- বলপূর্বক ধর্ষণ (Mo. Rev. Stat. § 566.030)
- বলপূর্বক পায়ুমৈথুন (Mo. Rev. Stat. § 566.060)
- প্রাথমিক স্তরের ডাকাতি (Mo. Rev. Stat. § 570.023)
- নাবালককে মাদক বিতরণ (Mo. Rev. Stat. § 579.020)
- প্রাথমিক স্তরের অগ্নিসংযোগ (Mo. Rev. Stat. § 569.040)
- শ্রেণী A এর গুরুতর অপরাধ হিসেবে অপহরণ (Mo. Rev. Stat. § 565.110)
- বিধিবদ্ধ ধর্ষণ (Mo. Rev. Stat. § 566.032)
- বিধিবদ্ধ পায়ুমৈথুন (Mo. Rev. Stat. § 566.062)

বাসের নির্দেশিকা

ফ্রান্সিস হাওয়েল বাস ড্রাইভারদের ডিসট্রিক্টের বাসগুলিতে নিরাপদ ও শৃঙ্খলাবদ্ধ পরিবেশ বজায় রাখার দায়িত্ব অর্পণ করা হয়।

ডিসট্রিক্টের বাসগুলিতে চড়ার সময় নিম্নলিখিতটি শিক্ষার্থীদের কাছে প্রত্যাশার একটি তালিকা:

- শিক্ষার্থীদের আচরণবিধির যাবতীয় প্রত্যাশা মেনে চলা
- বাস ড্রাইভারের যাবতীয় নির্দেশ মেনে চলা
- বাসের সামনের দিকে মুখ করে বসে থাকা
- সামাজিক দূরত্বের প্রত্যাশাগুলি বজায় রাখা
- বরাদ্দ করা বাসে বরাদ্দ করা স্টপে চড়া ও নামা
- শরীরের সমস্ত অংশ ও যাবতীয় জিনিসপত্র বাসের ভিতরে রাখা
- অন্যদের প্রতি শ্রদ্ধাশীল আচরণ করা (মৌখিক ও শারীরিক উভয়তই)
- বাসের প্রতি সম্মানজনক আচরণ করা (কোনও ভৌত ক্ষতি, নোংরা করা, জিনিসপত্র ছোঁড়াছুড়ি, খাওয়া বা পান করা নয়)
- তাদের জন্য বরাদ্দ করা বাসে চড়া

দ্রষ্টব্য: যাবতীয় বাসকে যে কোনও সময় ক্যামেরা দিয়ে পর্যবেক্ষণ করা হতে পারে।

শৃঙ্খলা বজায় রাখতে ও নিরাপদ পরিবেশ প্রদান করতে বাসের ড্রাইভার নিম্নলিখিত পদক্ষেপগুলির যে কোনোটি নিতে পারেন:

- শিক্ষার্থীর সঙ্গে পরামর্শ করা
- প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির সঙ্গে পরামর্শ আরম্ভ করা
- শিক্ষার্থীদের নিয়মাবলী প্রতিপালনের নির্দেশ দেওয়া
- বাসের আসন বরাদ্দ করা
- বাসের টিকিটের সতর্কতা জারি করা
- বাসের টিকিট ইস্যু করা

ডিসট্রিক্ট বাসকে শ্রেণীকক্ষের সম্প্রসারিত অংশ বলে মনে করে; সুতরাং, বাসে অসদাচরণ করার ফলে যে পরিণাম হওয়ার তা ঘটবে। পরিণামের মধ্যে পড়তে পারে বাসের থেকে স্থগিত করা। লঙ্ঘনের মাত্রা তীব্র হওয়ার এবং/ অথবা শিক্ষার্থীদের সাধারণ নিরাপত্তাকে আশঙ্কাগ্রস্ত করার ক্ষেত্রগুলিতে বিষয়টি অবিলম্বে প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির কাছে প্রেরণ করা হবে। প্রয়োজন হলে প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির একটি বিকল্প শৃঙ্খলা পরিকল্পনা রূপায়নের/তৈরি করার সিদ্ধান্ত নেওয়ার অধিকার থাকবে। ডিসট্রিক্টের পরিবহণ পরিচালক (District Director of Transportation) ও পরিবহণ নিরাপত্তা ম্যানেজার (Transportation Safety Manager) প্রয়োজন মনে হলে অনুরোধক্রমে প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির সঙ্গে দেখা করবেন।

শারীরিক শাস্তি: নিষিদ্ধ

ডিসট্রিক্টের নীতি 2670-এ বলা হয়েছে যে: ডিসট্রিক্ট নিযুক্ত বা তার জন্য স্বেচ্ছাশ্রম দেওয়া কোনও ব্যক্তি ডিসট্রিক্টের স্কুলে পাঠরত কোনও শিক্ষার্থীকে শারীরিক শাস্তি দেবেন না বা দেওয়ার কারণ হবেন না।

ডিসট্রিক্টের কোনও কর্মী প্রিন্সিপালের/মনোনীত ব্যক্তির কাছে কোনও আগাম বিজ্ঞপ্তি না দিয়ে কোনও শিক্ষার্থীর বিরুদ্ধে যুক্তিসঙ্গত সীমাবদ্ধতা আরোপ করতে পারেন যদি তা আত্মরক্ষার, শৃঙ্খলা রক্ষার জন্য অথবা অন্য ব্যক্তিদের বা ডিসট্রিক্টের সম্পত্তির সুরক্ষার জন্য অত্যাবশ্যক হয়ে পড়ে।

নেটওয়ার্ক ও ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহারের নির্দেশিকা

ফ্রান্সিস হাওয়েল স্কুল ডিসট্রিক্টে (FHSD) শিক্ষার্থীদের, শিক্ষকদের, কর্মীদের, পিতামাতার(দের)/অভিভাবকের(দের) ও প্রশাসকদের জন্য ইন্টারনেটে প্রবেশ পাওয়া যায়। শিক্ষার্থীদের ডিসট্রিক্টের নীতি 6320 অনুসারে FHSD এর টেলি-যোগাযোগ ব্যবহার করা আবশ্যক। শিক্ষার্থীদের পাঠ্যক্রম সংক্রান্ত তথ্যে ও গবেষণার বিষয়ে এবং শিক্ষায় উদ্ভাবন উন্নীত করার ধারনাগুলিতে প্রবেশের অনুমতি রয়েছে।

প্রকাশ্য ও গোপন নেটওয়ার্কগুলিতে অবস্থিত তথ্যভাণ্ডারের মাধ্যমে কীভাবে বৈদ্যুতিন আদানপ্রদান ও চলাচল করতে হয় তা শেখা হল তথ্য সাক্ষরতার সেইসব দক্ষতা যা 21শ শতকে শিক্ষার্থীদের কৃতিত্ব অর্জনে সহায়তা করে। কিছু কিছু ক্ষেত্রে, শ্রেণীকক্ষের শিক্ষকের অনুমতি থাকলে শিক্ষার্থীদের শিক্ষামূলক উদ্দেশ্যে তাদের নিজেদের প্রযুক্তি নিয়ে আসার সুযোগ থাকবে (যেমন ল্যাপটপ, আইপড, আইপ্যাড, বৈদ্যুতিন রীডার, ল্যাপটপ, ইত্যাদি)।

নিরাপত্তা
ফায়ারওয়াল ও ফিল্টারিং ব্যবহারের মাধ্যমে ডিসট্রিক্টের থেকে CIPA (শিশুদের ইন্টারনেট সুরক্ষা আইন (Children's Internet Protection Act)) প্রতিপালন নিশ্চিত করা হয়। যদিও, শিক্ষার্থীদের তাদের পক্ষে অস্বস্তিকর কোনও তথ্যে প্রবেশ করলে তা তাদের শিক্ষকদের বা অপর কর্মী সদস্যদের কাছে রিপোর্ট করতে হবে।

নিম্নলিখিত পদক্ষেপগুলি ডিসট্রিক্টের নেটওয়ার্কগুলিতে অনুমতিযোগ্য থাকে:

- টেলি-যোগাযোগকে কেবমাত্র শিক্ষামূলক উদ্দেশ্যে ব্যবহার করা
- অন্যদের সঙ্গে শ্রদ্ধাশীল ও সৌজন্যমূলক উপায়ে আদানপ্রদান করা
- কপিরাইট আইন ও অন্যদের মেধা সম্পত্তির অধিকার মেনে চলা
- নিজের ব্যক্তিগত নাম, ফোন নম্বর, ঠিকানা ও পাসওয়ার্ডের গোপনীয়তা বজায় রাখা এবং অন্যদের একই গোপনীয়তাকে সম্মান করা

এই নির্দেশিকা আপনাকে আপনার দায়িত্ব সম্পর্কে সচেতন করতে প্রদান করা হচ্ছে। নির্দেশিকা না মানা হলে নেটওয়ার্ক প্রশাসক বা মনোনীত FHSD প্রতিনিধি নেটওয়ার্কের/কম্পিউটারের বিশেষ সুবিধা প্রত্যাহার করতে পারেন।

নিম্নলিখিত পদক্ষেপগুলি ডিসট্রিক্টের নেটওয়ার্কগুলিতে অনুমতিযোগ্য **নয়** :

গোপন তথ্য শেয়ার করা	অন্যদের নিজের পাসওয়ার্ড দেওয়া
ব্যক্তিগত তথ্য ইন্টারনেটে প্রকাশ করা	যে কোনও উপায়ে অন্যদের হয়রানি, অবমাননা বা ক্ষতি করা
নিরাপত্তা ব্যবস্থা উপেক্ষা করার বা ভাঙার চেষ্টা করা	পর্নোগ্রাফিক/বেআইনি উপকরণে প্রবেশ করা
বেআইনিভাবে সফটওয়্যারের প্রতিলিপি করা	অন্যদের ফোল্ডারে, ফাইলে বা নথিপত্রে অনধিকার প্রবেশ করা
অন্যদের ডেটা/ফাইল নষ্ট করার বা তার ক্ষতি করার প্রয়াস করা	বাণিজ্যিক উদ্দেশ্যে নেটওয়ার্ককে কাজে লাগানো
অশ্লীল ভাষা প্রয়োগ করা	পাঠ্যক্রম-বহির্ভূত ইন্টারনেট গেম খেলা
কপিরাইট আইন লঙ্ঘন বা রচনা চুরি করা	অননুমোদিত ওয়েবসাইট ব্যবহার করা
ডিসট্রিক্টের নেটওয়ার্ক বা প্রযুক্তি ভাঙচুর করা	ভাইরাস আপলোড করা, ডেটা বদলে দেওয়া অথবা সীমাবদ্ধ তথ্য চুরি করা

লঙ্ঘনের জন্য সম্ভাব্য শাস্তিমূলক ব্যবস্থা
নেটওয়ার্ক ও ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত ডিসট্রিক্টের নীতি 6320 লঙ্ঘনের ফলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে, যার মধ্যে পড়ে নিম্নলিখিতগুলির এক বা একাধিক, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়: 1)নেটওয়ার্কের সুবিধাগুলি স্থগিত বা প্রত্যাহার করা; 2) ইন্টারনেটে প্রবেশ স্থগিত বা প্রত্যাহার করা; 3) কম্পিউটারে প্রবেশ স্থগিত বা প্রত্যাহার করা; 4) স্কুলের স্থগিতকরণ; অথবা 5) বহিষ্কার।

অনুগ্রহ করে মনে রাখবেন: আপনি আপনার শিক্ষার্থীকে স্বাধীন ইন্টারনেট প্রবেশ প্রত্যাখ্যান করাতে চাইলে উপযুক্ত ফর্ম পেতে অনুগ্রহ করে তারা যে স্কুলে পড়ে সেখানে যোগাযোগ করুন।

পরিভাষাকোষ

উৎপীড়ন

শিক্ষা পর্ষদের নীতি 2655 এর সংজ্ঞা অনুসারে উৎপীড়ন হল কোনও ব্যক্তি বা গোষ্ঠীর দ্বারা সম্পাদিত ইচ্ছাকৃত কাজ যা করা হয় ভীতিপ্রদর্শন, অবাঞ্ছিত আক্রমণাত্মক আচরণ বা হয়রানি আরোপ করার জন্য যার পুনরাবৃত্তি করা হয় বা যার পুনরাবৃত্তির যথেষ্ট সম্ভাবনা থাকে এবং যা একজন কোনও যুক্তিবোধসম্পন্ন শিক্ষার্থীর শারীরিক বা সম্পত্তির নিরাপত্তা সম্পর্কে ভয়ের কারণ হয়; ব্যক্তিক্রম ছাড়াই কোনও শিক্ষার্থীর শিক্ষাগত কর্মসম্পাদনে, সুযোগে বা সুবিধায় যথেষ্ট পরিমাণে হস্তক্ষেপ করে; অথবা স্কুলের সুশৃঙ্খল পরিচালনায় যথেষ্ট পরিমাণ বিঘ্ন ঘটায়। অঙ্গভঙ্গি বা মৌখিক সাইবার-উৎপীড়ন, বৈদ্যুতিন বা লিখিত চিঠিপত্র এবং উৎপীড়নের কাজকর্ম রিপোর্ট করার বিরুদ্ধে কোনও প্রতিশোধের হুমকি সহ শারীরিক ক্রিয়াকলাপ নিয়ে উৎপীড়ন গঠিত হতে পারে।

ডিসট্রিক্ট স্কুলের মাঠে, স্কুল চলাকালীন, স্কুলের স্পনসর করা কোনও কার্যকলাপে অথবা স্কুল-সংক্রান্ত কোনও প্রসঙ্গে কোনও শিক্ষার্থীর দ্বারা যে কোনও প্রকার উৎপীড়ন বা ভীতিপ্রদর্শনের থেকে মুক্ত শিক্ষা ও কাজের পরিবেশ বজায় রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। শিক্ষার্থীদের এবং/অথবা তাদের পিতামাতাকে(দের)/অভিভাবককে(দের) তাদের ভবন প্রশাসকের কাছে উৎপীড়নের যে কোনও ঘটনা রিপোর্ট করতে উৎসাহ দেওয়া হচ্ছে।

ডিসট্রিক্ট শিক্ষার্থীদের উৎপীড়ন রিপোর্ট করতে উৎসাহ দেয়। শিক্ষার্থীদের তারা শিকার হলে বা পাশে দাঁড়িয়ে থাকলে রিপোর্ট করতে হবে। স্কুলগুলি শিক্ষার্থীদের উৎপীড়নের রিপোর্ট করার নিরাপদ উপায়গুলি নিয়ে আলোচনা করবে। উৎপীড়িত বা উৎপীড়ন প্রত্যক্ষ করা শিক্ষার্থীদের অবিলম্বে কোনও প্রাপ্তবয়স্কের কাছে ঘটনাটি রিপোর্ট করতে হবে। শিশুটি উৎপীড়ন রিপোর্ট করায় স্বচ্ছন্দ বোধ না করলে পিতামাতাদের/অভিভাবকদের তাদের সন্তানের রিপোর্ট করা উৎপীড়ন রিপোর্ট করতে প্রিন্সিপালের সঙ্গে যোগাযোগ করতে হবে। উৎপীড়নের প্রতিটি রিপোর্টের তদন্ত করা হবে। FHSD ওয়েবসাইটে ডিসট্রিক্টের ওয়েবসাইটের পিতামাতা ট্যাব এর অধীনে পিতামাতাদের ও শিক্ষার্থীদের জন্য উৎপীড়ন সংক্রান্ত সংস্থানগুলি রয়েছে।
http://fhsd.sharpschool.net/parents/bullying/

পরামর্শসভা

একটি আদানপ্রদান যা সামনাসামনি, ভিডিও বা টেলিফোন মারফৎ ঘটে।

সাইবার-উৎপীড়ন

নীতি 2655 অনুসারে সাইবার-উৎপীড়নের সংজ্ঞা উপরের সংজ্ঞানুসারে এমন আদানপ্রদান সঞ্চারের মাধ্যমে করা উৎপীড়ন যার মধ্যে পড়ে কোনও বৈদ্যুতিন যন্ত্রের মাধ্যমে পাঠানো কোনও মেসেজ, টেক্সট, আওয়াজ বা ছবি যার মধ্যে পড়ে, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়, কোনও টেলিফোন, বেতার টেলিফোন বা কোনও বেতার যোগাযোগ যন্ত্র, কম্পিউটার বা কাগজ, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। ডিসট্রিক্টের থেকে সেই সাইবার-উৎপীড়ন নিষিদ্ধ করা বা তার জন্য শাস্তি দেওয়া হতে পারে যার উৎস ডিসট্রিক্টের কোনও ক্যাম্পাস বা ডিসট্রিক্টের কোনও কার্যকলাপ যদি সেই বৈদ্যুতিন আদানপ্রদান স্কুলের প্রযুক্তিগত সম্ভার ব্যবহার করে করা হয়ে থাকে, যদি তার সঙ্গে শিক্ষার পরিবেশের যথেষ্ট যোগসূত্র থাকে অথবা যদি সেই বৈদ্যুতিন আদানপ্রদান ডিসট্রিক্টের ক্যাম্পাসে বা ডিসট্রিক্টের কোনও কার্যকলাপে শিক্ষার্থীর নিজের ব্যক্তিগত প্রযুক্তিগত সংস্থান ব্যবহার করে করা হয়ে থাকে। অধিকন্তু, ক্যাম্পাসের বাইরে ডিসট্রিক্টের শিক্ষার্থীদের শিক্ষা বস্তুগত ও প্রতিকূলভাবে প্রভাবিত করে এমন অসদাচরণের উল্লেখযোগ্য ঘটনায় জড়িত থাকা শিক্ষার্থীরা শাস্তি সাপেক্ষ হবে।

হয়রানি/বৈষম্য

কোনও ব্যক্তির জাতি, বর্ণ, লিঙ্গ, মূল জাতীয়তা, জনগোষ্ঠী, প্রতিবন্ধকতা, ধর্ম, যৌন পছন্দ বা অনুভূত যৌন পছন্দের কারণে হয়রানি থেকে মুক্ত শিক্ষার পরিবেশ বজায় রাখাই ডিসট্রিক্টের নীতি। ডিসট্রিক্ট জাতি, বর্ণ, লিঙ্গ, মূল জাতীয়তা, জনগোষ্ঠী, প্রতিবন্ধকতা, ধর্ম, যৌন পছন্দ বা অনুভূত যৌন পছন্দের কারণে যে কোনও ও সবরকম হয়রানি ও বৈষম্য নিষিদ্ধ করে।

স্কুল ব্যবস্থা জাতি, বর্ণ, লিঙ্গ, মূল জাতীয়তা, জনগোষ্ঠী, প্রতিবন্ধকতা, ধর্ম, যৌন পছন্দ বা অনুভূত যৌন পছন্দের কারণে হয়রানি বা বৈষম্যের যাবতীয় প্রথাগত বা আটপৌরে, মৌখিক বা লিখিত অভিযোগের আশু তদন্ত করতে; ব্যক্তিদের আরও হয়রানি বা বৈষম্যের থেকে রক্ষা করার জন্য দ্রুত উপযুক্ত পদক্ষেপ নিতে; এবং হয়রানি বা বৈষম্যের ঘটনা ঘটেছে বলে নিরাধারন করলে হয়রানি/বৈষম্য করা শিক্ষার্থী, শিক্ষক, প্রশাসক বা স্কুলের অপর কোনও কর্মীকে দ্রুত উপযুক্ত শাস্তি দিতে, এবং/অথবা হয়রানি সমাপ্ত করার জন্য যুক্তিসঙ্গত উপায়ে গণনা করা অন্য কোনও উপযুক্ত পদক্ষেপ নিতে কাজ করবে।

পরিভাষাকোষ

হেজিং

ডিসট্রিক্টের নীতি 2920 অনুসারে শিক্ষার্থীদের হেজিং সুস্পষ্টভাবে নিষিদ্ধ। হেজিংয়ের সংজ্ঞা হল অন্য কোনও শিক্ষার্থীর প্রতি স্কুলের সম্পত্তির ভিতরে বা বাইরে স্কুল-সংক্রান্ত কোনও কার্যকলাপে অথবা অ্যাথলেটিক দলে অভিষেকের বা ভর্তির উদ্দেশ্যে করা ইচ্ছাকৃত আচরণ। এই নীতিতে নিষিদ্ধ আচরণের মধ্যে পড়ে সরাসরি বা অন্তর্বাসের মধ্যে দিয়ে পরোক্ষভাবে যৌনাঙ্গের, নিতম্বের বা স্তনের (ছাত্রীদের ক্ষেত্রে) সংস্পর্শ; শারীরিক ক্ষতির হুমকি; এবং শারীরিক বা মানসিক ক্ষতি বা অবমাননা আরোপ করা।

এই নীতি লঙ্ঘন করেছে বলে পাওয়া শিক্ষার্থীরা অসদাচরণের তীব্রতার উপর নির্ভর করে স্কুলের থেকে স্থগিত/বহিষ্কার এবং কার্যকলাপের/অ্যাথলেটিক অংশগ্রহণের থেকে স্থগিত ও বহিষ্কার সাপেক্ষ হবে।

পার্কিং পারমিট

প্রতিটি হাই স্কুলের ক্যাম্পাসে শিক্ষার্থীদের পার্কিংয়ের জন্য জায়গা সীমিত হওয়ার কারণে শিক্ষার্থীদের গাড়ি চালিয়ে স্কুলে আসার জন্য পার্কিং পারমিট প্রয়োজন হয়। পারমিটের যোগ্যতার মাপকাঠি ও শিক্ষার্থীদের অটোমোবাইল সংক্রান্ত অন্যান্য বিধিসমূহ হাই স্কুলের যথাযথ প্রশাসকের দ্বারা প্রতিষ্ঠা করা হবে। লঙ্ঘনের ফলে পার্কিংয়ের সুবিধা হারাতে হতে পারে।

ক্ষতিপূরণ

চুরি যাওয়া বা ক্ষতি হওয়া জিনিস(গুলি) বদলে দিয়ে অথবা ন্যায্য বাজারমূল্য প্রদান করে ক্ষতিপূরণ বা পরিষেবা দেওয়া।

চুরি করা/চুরি যাওয়া

মালিককে মালিকের সম্পত্তি ব্যবহারের থেকে বঞ্চিত করার উদ্দেশ্যে (চুরির অপরাধের অধীনে) মালিকের অনুমতি বা অবগতি ছাড়া অন্য কোনও ব্যক্তির বা প্রতিষ্ঠানের সম্পত্তি নেওয়া বা নেওয়ার প্রয়াস করা।

সেক্সটিং

সুস্পষ্ট যৌনতাপূর্ণ ফটোগ্রাফ বা মেসেজ বৈদ্যুতিন যন্ত্র মারফৎ পাঠানো।

সন্ত্রাসবাদী হুমকি

কেউ যদি অন্য কাউকে সন্ত্রস্ত করার বা জনগণের মধ্যে আতঙ্ক ছড়ানোর উদ্দেশ্যে হিংসাত্মক কাজ করা হুমকি দেয়।

অনধিকার প্রবেশ

স্থগিত বা বহিষ্কৃত অবস্থায় সহ স্কুলের সম্পত্তিতে অনুমতি ছাড়া থাকা; যার মধ্যে পড়ে তালা ভাঙা ও প্রবেশ করা। স্কুল প্রশাসন কাউকে স্কুল প্রাঙ্গন ত্যাগ করার অনুরোধ জানানোর পরেও তার স্কুলের সম্পত্তিতে থাকা।

অস্ত্র (অস্ত্রের মতো দেখতে জিনিস ও গোলাগুলি সহ)

উদাহরণ দিয়ে সীমাহীনভাবে কোনও অস্ত্র হল নিম্নলিখিতগুলির একটি:

<u>আগ্নেয়াস্ত্র</u>: যুক্তরাষ্ট্রীয় আইনের 18 U.S.C. 921-তে আগ্নেয়াস্ত্রের সংজ্ঞা দেওয়া রয়েছে। উদাহরণগুলির মধ্যে পড়ে হাতে ধরা বন্দুক, রাইফেল, শটগান ও বোমা। সম্পূর্ণ সংজ্ঞার জন্য যুক্তরাষ্ট্রীয় আইন দেখুন।

<u>অন্যান্য বন্দুক</u>: লোড করা বা না করা, চালনার যোগ্য বা অযোগ্য যে কোনও প্রকার বন্দুক, যার মধ্যে পড়ে আগ্নেয়াস্ত্র ছাড়া বন্দুকের মতো দেখতে অন্য যে কোনও জিনিস। এর মধ্যে পড়বে পেলেট গান, পেন্টবল গান, স্টান গান, টেজার গান, BB গান, আগুন ছিটকোনো বন্দুক, পেরেক বন্দুক ও এয়ার সফট গান, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়।

<u>অন্যান্য অস্ত্রশস্ত্র</u>: হুমকি দেওয়ার মতো করে ব্যবহৃত আগ্নেয়াস্ত্র বা অন্য কোনও বন্দুক ছাড়া যে কোনও যন্ত্র বা জিনিস যা শারীরিক ক্ষতির এবং/অথবা আঘাতের কারণ হতে বা কারণের উদ্দিষ্ট হতে পারে। এর মধ্যে পড়বে সুইচব্লেড ছুরি, শিকারের ছুরি, তারকাকৃতি ছুরি, ক্ষুর (সরলরৈখিক বা সংকোচনযোগ্য ক্ষুর সহ), পিতলের গাঁট, বক্স কাটার, নানচাক, কীলক-দস্তানা, কীলক লাগানো রিস্টব্যান্ড, যে কোনও দণ্ড থেকে উৎপন্ন জিনিস, কাঁদানে গ্যাসের যন্ত্র বা মরীচ স্প্রে করার পণ্য, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়।

নিম্নলিখিত লিঙ্কে মিসৌরি স্টেটের আইনে (Missouri State Statute) অস্ত্রের সংজ্ঞা দেওয়া রয়েছে:
http://www.moga.mo.gov/statutes/C500- 599/5710000010.HTM